

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর তাকে তিনি শিখিয়ে দেবেন কিতাব, হিকমত, তওরাত, ইঞ্জিল।
সূরা আল ইমরান ৪৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিস্টেমট

গ্র্যুপ্পা ড্রাইভেন্ট
ইস্ট্রোয় মজবুত গ্যেজ



সেবা : ০২৯৯০০৬৬৬৬৬৬, ০২৭৯৯০২৭৭০৪

বরিশাল ৥ মঙ্গলবার ৥ ১৬ জুন ২০২৬ ৥ ২৯ জিলহজ্জ ১৪৪৭ ৥ ০২ আষাঢ় ১৪৩৩ ৥ ১০ম বর্ষ ৥ ০৭ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা



সরকারের তোষামোদ নয়, জনগণের সামনে সত্য তুলে ধরতে হবে
কীর্তনখোলা ডেস্ক



বাজেটে মোট ঘাটতি দুই লাখ কোটি টাকা কমছে সরকারি ব্যয়
কীর্তনখোলা ডেস্ক



দিল্লিতে বাধা পেয়ে উপদেষ্টা জাহেদের দেশে ফেরা অনাকাঙ্ক্ষিত
কীর্তনখোলা ডেস্ক



গণরায় বাস্তবায়নে সরকারকে বাধ্য করেই ছাড়ব: শফিকুর রহমান
কীর্তনখোলা ডেস্ক

অবরুদ্ধ হাজারো জীবন

আটকে আছে ভাঙ্গা-বরিশাল

কুয়াকাটা রেলপথ প্রকল্প

কীর্তনখোলা রিপোর্ট

অর্থ সংকটে আটকে গেছে দক্ষিণাঞ্চলের মানুষের স্বপ্নের ভাঙ্গা-বরিশাল-কুয়াকাটা রেলপথ প্রকল্প। ২১৫ কিলোমিটার দীর্ঘ এই মেগা প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও নকশা চূড়ান্ত হলেও মেলেনি কোনো বড় বিনিয়োগকারী। অন্যদিকে, দীর্ঘ ৮ বছর আগে জমি অধিগ্রহণের তালিকায় থাকা ঘরবাড়িতে রেল কর্মকর্তাদের দেয়া লাল নথরের কারণে চরম দুর্ভোগে দিন কাটছে স্থানীয়দের। সব ধরনের সংস্কার ও জমি বিক্রিতে নিষেধাজ্ঞা থাকলেও এখনো মেলেনি ক্ষতিপূরণের টাকা। ফলে ধমকে গেছে পায়রা বন্দরকে রাজধানীর সাথে যুক্ত করার মহাপরিকল্পনা।

রেলওয়ে মন্ত্রণালয়ের তথ্যনুযায়ী রেলপথটি বরিশাল জেলার গৌরনদী, উজিরপুর, বরিশাল বিমানবন্দর, বরিশাল মহানগরীর সাগরদী ও টিয়াখালী এলাকা ছুয়ে কীর্তনখোলা নদী অতিক্রম করবে। এরপর এটি দপদপিয়া হয়ে বাকেরগঞ্জ ও পটুয়াখালীর দিকে এগিয়ে গিয়ে শেষ হবে কুয়াকাটায়। এই রুট



সদর উপজেলার কাশিপুর এবং বাসিন্দা গুহিহী রাবেয়া বেগম বলেন, ‘বর্ষায় ঘরের চাল দিয়ে পানি পড়ে। রেলের নিষেধাজ্ঞার কারণে পাকা বা টেকসই কোনো সংস্কার করতে পারছি না।’ দক্ষিণ সাগরদীর বাসিন্দা সাবেক ব্যাংক কর্মচারী মো. আমজাদ হোসেন ২ এর পাতায় দেখুন

ম্যাপের আওতায় বরিশাল নগরীর টিয়াখালী ও দক্ষিণ সাগরদীসহ প্রায় ১০ থেকে ১২ কিলোমিটার এলাকার হাজারো বাসিন্দা এখন এক প্রকার অবরুদ্ধ জীবন কাটাচ্ছেন। রেললাইনের জমিতে নামা ওঠায় শেষ বয়সে বিপাকে পড়েছেন মহানগরীর টিয়াখালী এলাকার বৃদ্ধ সুলতান খান। তিনি বলেন, ‘৮ বছর আগে তার একতলা ভবনের দেয়ালে লাল রঙ দিয়ে নম্বর লিখে গেছে রেলের লোকেরা। বলা হয়েছে, এখানে নতুন কোনো স্থাপনা করা যাবে না, বাড়ি মেরামত বা বিক্রিও করা যাবে না।’ তিনি আরও বলেন, ‘শেষ বয়সে এসে সন্তানদের সাথে ঢাকায় থাকতে চান। তাই প্রয়োজনে নিজের বসতিগৃহটাসহ পাঁচ শতাংশ জমি বিক্রি করতে চাইলেও তা পারছেন না।’ একই সংকেত পড়া টিয়াখালী আরেক



আবারও বিদ্যুৎ ঘাটতির

কবলে বরিশাল অঞ্চল

কীর্তনখোলা রিপোর্ট

বিদ্যুৎ ঘাটতির রেশ ধরে বেশ কিছুদিনের বিরতির পরে বরিশাল অঞ্চলে পুনরায় লোডশেডিং ফিরে এসেছে। সাদৃশ্যিক

আওয়ায়ে প্রায় ৮শ মেগাওয়াট এবং ডে-পিক আওয়ায়ে ৭শ মেগাওয়াট চাহিদার বিপরীতে গত ৩ দিন ধরে ২৫-৩৩ ভাগ পর্যন্ত লোডশেড চলছে। অথচ এ

অঞ্চলের সরকারি ও বেসরকারি উৎপাদন ইউনিটগুলো থেকে ও হাজার মেগাওয়াটেরও বেশি বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা ২ এর পাতায় দেখুন



বরিশাল নগরের ২৯ নম্বর ওয়ার্ডের ইছাকাঠি এলাকার লাদেন সড়কে চলাচলের রাস্তার ওপর অবৈধভাবে নির্মিত একটি সীমানা প্রাচীর উচ্ছেদ করেছে বরিশাল সিটি কর্পোরেশন

বরিশালে সবজির বাজারে স্বস্তি

থাকলেও চড়া মাছের দর

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে সবজির বাজারে স্বস্তি মিললেও অস্বস্তি বাড়ছে মাছের চড়া দাম। তবে নাগালের মধ্যে রয়েছে ব্রয়লার মুরগি ও মাংসের দাম।

সেমবার (১৫ জুন) সকালে বরিশাল নগরীর পাইকারি সবজির বাজার বহুহুখী সিটি মার্কেট ও কয়েকটি খুচরা

বাজার ঘুরে দেখা গেছে এমন চিত্র। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, বেশ কিছুদিন ধরেই কাচামরিচ ২৫ থেকে ৩০ টাকা, শসা ১২ টাকা, বেগুন ৬০ থেকে ৬৫ টাকা, করলা ২০ থেকে ৩০ টাকা, পেঁপে ১৫ থেকে ২০ টাকা, লাউ প্রতি পিস ২০ টাকা, মিষ্টি কুমড়া ২০ টাকা,

পরকীয়ার বাধা দেয়ায়

শাণ্ডিডিকে হত্যা, প্রধান আসামি গ্রেপ্তার

কীর্তনখোলা রিপোর্ট

পুত্রবধুর পরকীয়ার বাধা দেওয়ার শাণ্ডি নিমিত্তা রানীকে (৬০) খাসরোপে হত্যার ঘটনায় প্রধান আসামি কামাল পঞ্চায়েতকে গ্রেপ্তার করেছে র‍্যাব-৮।



পাচারকালে ৩ লাখ রেগু

পোনা জন্ম, কীর্তনখোলা নদীতে অবমুক্ত

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের সোয়ারিকা শিকারপুর সেতুর টোল প্রাজার্য ট্রাকে করে অবৈধভাবে পাচারকালে ১৩ ব্যারেল রেগু পোনা জন্ম করা হয়েছে। রোববার দিবাগত রাত ৩টার দিকে এ অভিযান চালানো হয়। জন্ম করা ১৩ ব্যারেল প্রায় ৩ লাখ চিহ্নিৎ রেগু ছিল। এ সময় ট্রাকে থাকা সাজজন শ্রমিক ট্রাক ফেলে পালিয়ে যান।

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **বালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

দুমকিতে হাম

আক্রান্ত ৬ মাসের শিশুর মৃত্যু

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকিতে হামে আক্রান্ত হয়ে ছয় মাস বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। সেমবার (১৫ জুন) সকালে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত মুনতাহা উপজেলার আলোরিয়া ইউনিয়নের জলিশা গ্রামের বাসিন্দা সৈয়দ রফিকুল ইসলাম বাবুর মেয়ে। মৃতের পরিবার জানায়, গত ৩০ মে হামের উপসর্গ নিয়ে মুনতাহাকে দুমকি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে তাকে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকেও উন্নত চিকিৎসার জন্য ঢাকায় স্থানান্তর করা হলে একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সেমবার সকালে তার মৃত্যু হয়। দুমকি ২ এর পাতায় দেখুন

বরিশালে নতুন ইপিজেড

দুই জেলায় অর্থনৈতিক অঞ্চল

কীর্তনখোলা রিপোর্ট

বিশেষ বিনিয়োগ আকর্ষণ, রপ্তানি বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বরিশালে নতুন রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এবং বরগুনা ও পিরোজপুরে অর্ধনির্মিত অঞ্চল গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় তিন লাখ মানুষের কর্মসংস্থান সৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে।



সরকারের এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন ব্যবসায়ীরা। বরিশাল চেম্বার অব কমার্স আন্ড ইন্ডাস্ট্রি সভাপতি ওবায়দুল হক চান বলেন, ইপিজেড হলে কর ও শুদ্ধ সুবিধায় কাঁচামাল আমদানি এবং উৎপাদিত পণ্য সরাসরি বিদেশে রপ্তানি করা যাবে। বরিশাল থেকে ইলিশ, আমড়া ও

পেয়ারা রপ্তানি করা হয়। এছাড়া এখানে বেশ কয়েকটি বড় শিল্পকারখানা রয়েছে, যেখানে কাঁচামাল আমদানি করা হয়। ইপিজেড হলে আমদানি ও রপ্তানিতে ব্যবসায়ীরা সবচেয়ে বেশি সুবিধা পাবেন। সরকারের এ উদ্যোগকে আমরা মূল্যবান জানাই। ইপিজেড অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ জমি তিন জেলাতেই রয়েছে বলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকরা জানিয়েছেন। তারা বলেন, সরকারের ১ নম্বর বাস খতিয়ানে পর্যাপ্ত জমি রয়েছে। ফলে প্রকল্প বাস্তবায়নে ভূমি অধিগ্রহণ নিয়ে বড় ধরনের জটিলতা হবে না। বরিশালের জেলা প্রশাসক মো. খাইরুল আমম সুমন ২ এর পাতায় দেখুন



নিখোঁজ অটোচালকের বস্তাবন্দি

মরদেহ মিললো নদীতে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে দুই দিন ধরে নিখোঁজ থাকা নাজমুল হোসেন (২৫) নামে এক অটোরিকশাচালকের বস্তাবন্দি অর্ধ-গলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সেমবার (১৫ জুন) সকালে নগরীর ২৬ নম্বর ওয়ার্ডের কালিজিয়া নদীর পূর্ব পাড় থেকে ভাসমান অবস্থায় তার মরদেহটি উদ্ধার করা হয়। তবে তার অটোরিকশাটির কোনো হাদিস মেলেনি। নিহত নাজমুল বরিশাল সদর উপজেলার রায়পাশা-কড়াপুর ইউনিয়নের মাকরকাঠি এলাকার বাসিন্দা আব্দুল রশিদ মল্লার ছেলে। পুলিশের ধারণা অটোরিকশা ছিনতাই করতই এই হত্যাকাণ্ড ঘটতে পারে। বিষয়টি নিশ্চিত করে বরিশাল মেট্রোপলিটন পুলিশের কোতোয়ালি মডেল থানার সহকারী কমিশনার অলোক কান্তি শর্মা জানান, সেমবার সকালে কালিজিয়া নদীর পূর্ব পাড়ে একটি বস্তায় অর্ধেক বন্দিবস্থায় মরদেহটিকে ভাসতে দেখে স্থানীয়রা পুলিশ খবর দেন। পরে কোতোয়ালি মডেল থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বস্তাবন্দি অবস্থায় নাজমুলের মরদেহটি উদ্ধার ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক সচীবা শিক্ষক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা





উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রকাশের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক, সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পর্ষীক্ষক, সরকারি অষ্টেনলবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি খানারগোড়া, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ খানারগোড়া, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হুতর নদী ও কলকাতা রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুতর নদী ও কলকাতা রোড, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ রোডের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজের সামনের দিকে 01717-488083

সম্পাদকীয় বাজেট নিয়ে মিশ্র প্রতিক্রিয়া

২০২৬-২৭ অর্থবছরের জন্য ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট দিয়েছেন বিএনপি জোট সরকারের অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। গত বৃহস্পতিবার বাজেট ঘোষণার পরপরই শুরু হয়ে যায় পক্ষে-বিপক্ষে প্রতিক্রিয়া প্রকাশ। প্রধান বিরোধী দল বাংলাদেশ জামায়াতে ইসলামী প্রস্তাবিত বাজেটকে ‘গণবিরোধী ও লুটপাটের’ বাজেট অভিহিত করে বৃহস্পতিবার সন্ধ্যায়ই মিছিল ও সমাবেশ করেছে। অর্থনীতিবিদরা বাজেটের অগ্রাধিকার নির্ধারণের প্রশংসা করে বাজেট বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করেছেন। কেউ কেউ বাজেটের বাস্তবায়ন সক্ষমতা নিয়ে প্রশ্ন তুলেছেন। দেশে বিনিয়োগে গতি নেই। প্রয়োজন অনুযায়ী কর্মসংস্থান তৈরি হচ্ছে না। নানা প্রতিকূলতায় শত শত কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। লাখ লাখ শ্রমিক বেকার হচ্ছে। এমন পরিস্থিতিতে বিপর্যস্ত অর্থনীতির গতি ফেরাতে বড় বাজেটের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। আর বড় ব্যয় নির্বাহের জন্য বড় রাজস্ব আয় করাও জরুরি। বিশেষজ্ঞরা মনে করছেন, সমস্যাটা মূলত সেখানেই। ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে রাজস্ব আয়ের লক্ষ্য বরা হয়েছে ছয় লাখ ৯৫ হাজার কোটি টাকা, যােরা কোটি টাকা, যােরা রীতিমতো অবিবাস্য মনে করা হচ্ছে। কারণ চলতি অর্থবছরে রাজস্ব আয়ের লক্ষ্য এর তুলনায় প্রায় ২৩ শতাংশ কম হওয়া সত্ত্বেও তা অর্জনে বড় ঘাটতি রয়ে গেছে। প্রথম ১০ মাসে রাজস্ব আয়ের ঘাটতি এক লাখ কোটি টাকা ছাড়িয়ে গেছে। তাই রাজস্ব আয়ের লক্ষ্য অর্জনে বড় ঘাটতি থাকবে বলেই মনে করছেন অর্থনীতিবিদরা। রাজস্ব আয়ের উচ্চভান্ডারী লক্ষ্যমাত্রা সত্ত্বেও বাজেট ঘাটতি রয়েছে দুই লাখ ৪৩ হাজার কোটি টাকা, যা জিডিপির প্রায় ৩.৬ শতাংশ। এই ঘাটতি পূরণে অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎস থেকেই খণ নেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। অভ্যন্তরীণ উৎস থেকে এক লাখ ২৭ হাজার কোটি টাকা এবং বৈদেশিক উৎস থেকে এক লাখ ১৬ হাজার কোটি টাকা সঞ্চয়ের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। অভ্যন্তরীণ খণের বড় অংশ এক লাখ ১২ হাজার কোটি টাকা নেওয়া হবে ব্যাংকিং খাত থেকে। অর্থনীতিবিদরা বলেন, এর ফলে বেকরকারি খাতে ঋণপ্রবাহ আরো চাপে পড়বে। বেকরকারি খাতে ঋণপ্রবাহ বর্তমানে সর্বনিম্ন পর্যায়ে রয়েছে, তাতে আরো বেশি চাপ সৃষ্টি হলে তা বিনিয়োগ-কর্মসংস্থানে বড় ধরনের নেতিবাচক প্রভাব ফেলবে। অর্থনীতিবিদরা মনে করেন, উচ্চ মূল্যাকীতি, নিম্নমুখী প্রবৃদ্ধি, দুর্বল বিনিয়োগ পরিবেশ এবং কর্মসংস্থান সেক্টরসহ বহুমাত্রিক চ্যালেঞ্জের মুখোমুখি দেশের অর্থনীতি। এমন বাস্তবতায় বাজেট সরকারের অগ্রাধিকার নির্ধারণে মেরিরে ওপর সঠিক হয়েছে, তবে এর সফলতা নির্ভর করবে বাস্তবায়ন সক্ষমতার ওপর। তাদের মতে, তিনটি বড় চ্যালেঞ্জের প্রেক্ষাপটে এই বাজেট তৈরি হয়েছে। প্রথমত, বৈদেশিক খাতের কয়েকটি সূচক ছাড়া প্রায় সব সামষ্টিক অর্থনৈতিক সূচকই ছিল চাপে। দ্বিতীয়ত, নতুন সরকার জনগণের প্রত্যাশা ও নির্বাচনী প্রতিশ্রুতির আলোকে বাজেট প্রণয়নে চাপের মুখে ছিল। তৃতীয়ত, মধ্যপ্রাচ্যের সংকটের প্রভাবে বিদ্যুৎ ও জ্বালানির মূল্য সমস্বয়ের মতো কঠিন সিদ্ধান্তও সরকারকে নিতে হয়েছে।

গণরায় বাস্তবায়নে সরকারকে

ও জনগণের স্বার্থে জামায়াত কোনো আপস করবে না। আমাদের শীর্ষ নেতৃদ্বন্দ্ব হাসিমুখে ফাঁসির কাঠে জীবন দিয়েছেন। কিন্তু পতিত ফ্যাসিস্ট সরকারের সঙ্গে কোনো আপস করেননি। দেশ ও জনগণের প্রতি আমাদের দায়বদ্ধতা রয়েছে। জুলাই সনদ ও গণভোটেই রায় বাস্তবায়নে আমরা পিছপা হবো না।’ রোববার (১৪ জুন) রাতে সিলেট সার্কিট হাউসে ১১ দলীয় ঐক্যের নেতা ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। শফিকুর রহমান বলেন, ‘সংসদে সমাধান না হলে রাজপক্ষে আন্দোলন চলবে। গণরায় বাস্তবায়নে সরকারকে বাধ্য করেই ছাড়ব। ভালো নির্বাচন হলেই ভালো শাসক হওয়ার প্রমাণ নেই। রক্তাক্ত জুলাই গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে ক্ষমতায় গিয়ে বর্তমান সরকার জুলাই সনদকে উপেক্ষা করেছে এবং প্রায় ৭০ শতাংশ মানুষের দেওয়া গণভোটের রায়কে বাতিল করেছে। ‘১২ ফেব্রুয়ারির নির্বাচন মেনে না নিলে দেশে গৃহযুদ্ধ শুরু হওয়ার আশঙ্কা ছিল। তাই জাতীয় বৃহত্তর স্বার্থে আমরা ফলাফল মেনে নিয়েছিলাম।’ সীমান্তে অব্যাহত উত্তেজনা চলছে জানিয়ে জামায়াত আমির বলেন, ‘ওপর থেকে উসকানি দেওয়া হচ্ছে। আমরা দুই-দুইবার স্বাধীন হলাম, কিন্তু প্রকৃত স্বাধীনতা পেলাম কী? জাতির স্বাধীনতা ও সার্বভৌমত্বে আমরা কোনো আপস করব না।’ নির্বাচনের ফলাফলে কারসাজির অভিযোগ তুলে শফিকুর রহমান বলেন, ‘আমরা সাড়ে ১৭ বছর একটা কঠিন অবস্থা অতিক্রম করেছি। সাড়ে ১৭ বছর পর এবার একটা অর্থহীন নির্বাচন জাতি আশা করেছিল। আমার ব্যক্তিগত মত, নির্বাচন সুন্দর হয়েছে, কিন্তু ফলাফল সুন্দর হয়নি। ফলাফলে অনেক কিছু করা হয়েছে। যেটা এখন অনেকে স্বীকার করছেন। আমরা দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে নির্বাচনের ফলাফল মেনে নিয়েছি। ফলাফল মেনে না নিলে দেশে গৃহযুদ্ধ শুরু হওয়ার আশঙ্কা ছিল। আর যেসব দেশে একবার গৃহযুদ্ধ শুরু হয়েছে, তারা আর এর থেকে বের হতে পারেনি।’ সাবেক পুলিশপ্রধান বেনজীর আহমেদকে দুবাইয়ে প্রেস্তার প্রসঙ্গে শফিকুর রহমান বলেন, ‘লেনজীকে আটক দেশের পুলিশের কৃতিত্ব নয়, এটা ইন্টারপোলের কৃতিত্ব। তাঁর বিরুদ্ধে রেড অ্যালার্টও বর্তমান সরকার জারি করে নাই। তবে বেনজীর আটক বাংলাদেশের একটা অর্জন। কিন্তু তিনি দুবাইয়ের কারাগারে থাকবেন দশকি তাঁকে দেশে আনা হবে, তা সরকারের সিদ্ধিছার ওপর নির্ভর করছে।’

দিল্লিতে বাধা পেয়ে

অনাকাঙ্ক্ষিত হিসেবে দেখছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। সোমবার (১৫ জুন) পররাষ্ট্র মন্ত্রণালয়ে অঙ্গশ্রমণ সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এটা একটা অনাকাঙ্ক্ষিত ঘটনা। দুঃখজনকও বটে। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা নিচ্ছে, যা দিন শেষে জানানো হবে বলে জানান ড. খলিলুর। প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমান একটি সম্মেলনে যোগ দিতে ভারতের রাজধানী দিল্লিতে যান। তবে ইমিগ্রেশনের বাধার মুখে অনেকটা সময় দিল্লি বিমানবন্দরে বসে থাকার পর শেষ পর্যন্ত সোমবার দুপুর নাগাদ তিনি ঢাকায় ফিরে এয়েছেন। শাহজালাল বিমানবন্দর সূত্র জানায়, দিল্লিতে একটি সম্মেলনে যোগ দিতে রোববার বিকাল ৩টা ২০ মিনিটে সাধারণ পাসপোর্টে শাহজালাল বিমানবন্দর থেকে এয়ার ইন্ডিয়ায় ফ্লাইতে করে যাত্রা করেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ডা. জাহেদ। দিল্লিতে নামার পর তাকে ভারতের নজরদারি তালিকা অনুযায়ী আটকে দেওয়া হয়। দীর্ঘ জিজ্ঞাসাবাদের একপর্যায়ে উপদেষ্টা নিজেই পাসপোর্ট ফেরত চান এবং পরে শ্রীলঙ্কা হয়ে ঢাকায় ফেরেন। তবে বিমানবন্দর থেকে রের হওয়ার সময় তিনি সাংবাদিকদের সঙ্গে কোনো কথা বলেননি। রোববার ভারতীয় সংবাদমাধ্যম ‘নিউজ১৮’ ডা. জাহেদ বিষয়ে একটি প্রতিবেদন প্রকাশ করে। এতে সংশ্লিষ্ট সূত্রের বরাতে বলা হয়, একটি সরকারি বৈঠকে অংশ নিতে প্রতিনিধিদলের সদস্য হিসেবে ভারতে পৌঁছানোর পর নিয়মিত ইমিগ্রেশন প্রক্রিয়ার সময় জাহেদ উর রহমানের নাম নিরাপত্তাসংক্রান্ত নজরদারি তালিকায় (ওয়াচলিস্ট) শনাক্ত হয়। এর পরপরই তাকে অভিরিক্ত যাচাইয়ের জন্য আটকে রাখা হয়। দিল্লি বিমানবন্দরে তার প্রবেশের সময় স্বয়ংক্রিয় নিরাপত্তা সতর্কবার্তা জারি হয় এবং তাতে আলাদা করে জিজ্ঞাসাবাদ ও যাচাইয়ের মুখোমুখি হতে হয়। পরে উচ্চমহলের নির্দেশে অনুমতি দেওয়া হলেও প্রধানমন্ত্রীর উপদেষ্টা দিল্লিতে না গিয়ে কলম্বো হয়ে ঢাকায় ফেরেন।

বাজেটে মোট ঘাটতি

পুনর্গঠন, মূল্যাকীতিজনিত চাপ মোকাবিলা এবং অপচয় রোধকে অগ্রাধিকার দিয়ে এ বাজেট পেশ করেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। বাজেটে মোট ঘাটতি দুই লাখ কোটি টাকা, পাশাপাশি সরকারি ব্যয় কমেছে দুই হাজার কোটি টাকা। সোমবার (১৫ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের সপ্তম দিনে ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত ও সম্পূরক বাজেট উত্থাপন করেন অর্থমন্ত্রী। অর্থমন্ত্রী জানান, চলতি অর্থবছরের মূল বাজেটে সরকারের নিট ব্যয় প্রাক্কলন করা হয়েছিল ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা। তবে নির্বাচন পূর্ববর্তী সময়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বা এপ্রতি বাস্তবায়নের গতি কিছুটা মন্থর হওয়ায় সংশোধিত বাজেটে সরকারি ব্যয় দুই হাজার কোটি টাকা কমিয়ে ৭ লাখ ৮৮ হাজার কোটি টাকা নির্ধারণের প্রস্তাব করা হয়েছে। একই সঙ্গে সংশোধিত বাজেটে মোট ঘাটতি প্রস্তাব করা হয়েছে দুই লাখ কোটি টাকা, যা দেশের মোট জিডিপির ৩ দশমিক ৩ শতাংশ। তিনি জানান, সৃষ্ট বৈশ্বিক অস্থিরতা ও দেশের অভ্যন্তরীণ অর্থনৈতিক কঠামোর দুর্বলতা দূর করে অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা বর্তমান সরকারের প্রশাসনের অন্যতম প্রধান অগ্রাধিকার। সরকারি ব্যয়ের প্রতিটি ক্ষেত্রে অপচয় কমানো, অগ্রাধিকারহীন ব্যয় সংকোচন এবং প্রশাসনিক ক্ষেত্রে মিতব্যয়িতা নিশ্চিত করার চেষ্টা চলছে। অর্থমন্ত্রী আরও জানান, বৈশ্বিক পরিস্থিতির কারণে বিদ্যুৎ ও জ্বালানি খাতে তত্ত্বিক সমস্বয় করতে হলেও ক্যামিলি কার্ড, কৃষক কার্ড এবং ইমাম, পুরোহিত ও মুয়াজ্জিনদের সম্মানী দেওয়ার মাধ্যমে দেশের সামাজিক সুরক্ষা কার্যক্রমকে আরও মর্যাদাপূর্ণ ও সম্প্রসারিত করা হয়েছে। এ কার্যক্রমগুলোর প্রয়োজনেই সম্পূরক বাজেটে ব্যয় ও ঘাটতির কিছুটা সমস্বয় করা হয়েছে।

সরকারের তোষামোদ

সোমবার (১৫ জুন) টেলিভিশন চ্যানেলগুলোর প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ও বার্তা সম্পাদকদের সঙ্গে এক বৈঠকে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। তিনি বলেন, দলীয় অবস্থান বা সরকারের তোষামোদ নয়, সত্যকে সত্য হিসেবেই জনগণের সামনে তুলে ধরতে হবে। একই সঙ্গে দেশে ইতিবাচক পরিবর্তন আনতে গণমাধ্যমের সহযোগিতাও কামনা করছেন প্রধানমন্ত্রী। বৈঠকে দেশের টেলিভিশন শিল্পের বর্তমান সংকট, সাংবাদিকদের পেশাগত চ্যালেঞ্জ, চাকরির নিরাপত্তা ও গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠক শেষে সাংবাদিক নেতারা জানান, আলোচনার পরিবেশ ছিল অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ ও ফলপ্রসূ। এ বিষয়ে প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবু আব্দুল্লাহ এম. হাালেহ জানান, অর্থনীতি ও সমাজনীতির পাশাপাশি মানবিক ও সামাজিক মূল্যবোধ জয়ত করতেও গণমাধ্যমকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। এ লক্ষ্যেই স্বাধীন গণমাধ্যম কমিশন গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী ১৮ জুন এ বিষয়ে অংশীজনদের নিয়ে একটি সংলাপ অনুষ্ঠিত হবে। বৈঠকে টেলিভিশন শিল্পকে একটি পূর্ণাঙ্গ শিল্পখাতে হিসেবে গড়ে তোলার দাবি জানানো হয়। গণমাধ্যম প্রতিনিধিরা ওয়েজ বোর্ড বাস্তবায়ন, চাকরির নিরাপত্তা নিশ্চিতকরণ ও দ্রুত একটি কার্যকর গণমাধ্যম কমিশন গঠনের ওপর গুরুত্ব আরোপ করেন। চ্যানেল ২৪-এর নির্বাহী পরিচালক জহিরুল আলম বলেন, স্বাধীন সাংবাদিকতার পরিবেশ নিশ্চিত করতে সরকারের নীতিগত সহায়তা এবং সাংবাদিকদের নিরাপত্তা প্রয়োজন। বৈঠকে গণমাধ্যমের এছাড়ায্যো্যতা বৃদ্ধি, সরকারের সহযোগিতা ও স্ববাদমাধ্যমের স্বাধীনতা রক্ষায় কার্যকর নীতিমালা প্রণয়নের বিষয়েও আলোচনা হয়। এখন সংশ্লিষ্ট মহলের দৃষ্টি আগামী ১৮ জুনের সংলাপের দিকে, যেখানে স্বাধীন গণমাধ্যম কমিশনের রূপরেখা নিয়ে গুরুত্বপূর্ণ অগ্রগতি হওয়ার সম্ভাবনা রয়েছে।

দুমকিতে হাম আক্রান্তে

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বভার কর্মকর্তা (টিএচসিএ) ডা. মীর শহীদুল হাসান শাহীন বলেন, উপজেলা হাসপাতালে আইসিইউ সুবিধা না থাকায় কোনো সেকেন্ডারি রোগীকে রাখা হয় না। হাম আক্রান্ত শিশুটির ক্ষেত্রেও প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর শারীরিক অবস্থার অবনতি হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছিল।

নিখোঁজ অটোচালকের বস্তাবন্দি

করে। নিহতের পরিবার সূত্রে জানা গেছে, ৭শ শনিবার (১৩ জুন) সকালে প্রতিদিনের মতো অটোরিকশা নিয়ে বাড়ি থেকে বের হন নাজমুল। দুপুর থেকে নাজমুলের ফোনে একাধিকবার ফোন দেওয়া হলে তিনি রিসিত করেন। পরে স্বজনরা বিভিন্ন স্থানে খোঁজাখুজি করেও তার সন্ধান পাননি। পরে রোববার (১৪ জুন) নিহতের পিতা আব্দুল রশিদ মামলা বরিশাল মেট্রোপলিটনের এয়ারপোর্ট থানায় একটি সাধারণ ডায়েরি করেন। কাল্পাজিউত কল্টে নিহতের স্ত্রী নীপা বেগম বলেন, ‘শনিবার সকাল ১০টার দিকে নাজমুল বাড়িতে এসে সন্ধানকে দেখে যান। রাতে আমাদের নিজেদের বাড়িতে নিয়ে যাওয়ার কথা বলেছিলেন। কিন্তু এরপর থেকে আর তার খোঁজ পাইনি। ওর কোনো শব্দ ছিল না। তাহলে কেন ভাববে ওকে মরে ফেলা হলো।’ বরিশাল কোতোয়ালি মডেল থানা পুলিশের সহকারী কমিশনার অলোক কান্তি শর্মা বলেন, ‘সুরতহাল শেষে ময়লা তদন্তের জন্য মরদেহটি বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালয়ের মর্মে পাঠানো হয়েছে।’ তিনি আরও বলেন, ‘পুলিশ ঘণ্টার পর তদন্ত শুরু করেছে। এটি পরিকল্পিত হত্যাকাণ্ড বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। তার অটোরিকশাটিও পাওয়া যাচ্ছে না। হত্যার প্রকৃত কারণ উদ্‌ঘাটন এবং জড়িতদের চিহ্নিত করে দ্রুত প্রেস্তারের চেষ্টা চলছে।’

পরকীয়ায় বাধা দেয়ায়

চালিয়ে যাচ্ছেন মূল হোতা কামাল পঞ্চাত্তরে প্রেস্তার করা হয়। সোমবার দুপুরের দিকে তাকে ইন্দুরকানি থানায় হস্তান্তর করা হয়েছে। হত্যা মামলার বরাতে র্যাবের এই কর্মকর্তা জানান, অভিযুক্ত কামাল পঞ্চায়তের সাথে নমিতা রানী পালের পূত্রবধূ বন্যা রানী পালের (৩২) দীর্ঘদিন ধরে পরকীয়া সম্পর্ক ছিল। পরকীয়ার সূত্র ধরে প্রথমে কামাল পঞ্চাত্তর তাদের বাড়িতে আসা-যাওয়া এবং অসামাজিক কার্যকলাপে লিপ্ত ছিলেন। তাদের অবৈধ সম্পর্ক মেনে যাওয়ার পর এতে ব্যসা দেন বন্যা রানী পালের শাশুড়ি নমিতা ও শ্বশুর রাধেশ্যাম চন্দ্র পাল। এতে ক্ষুব্ধ হয়ে তাদের হত্যার পরিকল্পনা করেন পরকীয়া প্রেমিক কামাল পঞ্চাত্তর ও পূত্রবধূ বন্যা। গত ২৬ মে বন্যা রানীর শ্বশুর রাধেশ্যাম চন্দ্র পাল চন্ডিপুর বাজারে যান। সেই সূযোগে কামালসহ অভিযুক্তরা বিকেল পৌনে ৬টা থেকে রাত ৮টার মধ্যে যেকোনো সময় নমিতাকে চন্ডিপুর ইউনিয়নের দক্ষিণ কলারন গ্রামে তার নিজ বসতঘরের বারাদ্দায় খাসপুরের হত্যা করে। এ ঘটনায় নমিতার স্বামী রাধেশ্যাম বানী হয়ে ইন্দুরকানী থানায় হত্যা মামলা দায়ের করেন। ঘটনার পর পূত্রবধূ বন্যা রানীসহ দুজনকে প্রেস্তার করে জিরাপার থানা পুলিশ। হত্যাকাণ্ডের পর থেকে র‍্যাব-৮ সদস্যরা ছাড়া তদন্ত শুরু করে। তবে চতুর অপরাধী কামাল ঘটনার পর পরই এলাকা ত্যাগ করে আগুোগোপনে চলে যায় এবং একাধিকবার তার অবস্থান পরিবর্তনের মাধ্যমে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে বিভ্রান্ত করার চেষ্টা করেন। পরে র‍্যাব-৮ সদস্যরা তথ্যপ্রযুক্তির সহায়তায় বিশেষ অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করতে সক্ষম হয়।

পাচারকালে ৩ লাখ রেপু

উপস্থিতিতে কীচনখোলা নদীতে অবমুক্ত করা হয়। বরিশাল সদর উপজেলার জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা জামাল হোসাইন জানান,

ভোলা থেকে ট্রাকে করে অবৈধভাবে মাছের রেপু পোনা পাচারকালে গোয়েন্দা সংস্থা এনএসআইয়ের সহযোগিতায় এগুলো জব্দ করা হয়। এগুলো বরিশালের কীর্তনখোলা নদীতে অবমুক্ত করা হয়েছে। এ ঘটনায় কাউকে আটক করা যায়নি।

বরিশালে সবজির বাজারে স্বস্তি

দেখা গেছে, কাঁচামরিচ ৫০ থেকে ৬০ টাকা, শসা ৩০ টাকা, বেগুন ৮০ থেকে ৯০ টাকা, করলা ৫০ টাকা, পেঁপে ২৫ থেকে ৩০ টাকা, লাউ প্রতি পিস ৩০ টাকা, মিঠিকুমড়া ৩০ টাকা, টমেটো (ইন্ডিয়ান) ৯০ থেকে ১০০ টাকা, চিচিঙ্গা ২০ টাকা, ঝিঙে ২৫ থেকে ৩৫ টাকা, চাঁড়ুস ৩০ টাকা, পটল ২০ টাকা, লেবু হালি ১২ থেকে ১৫ টাকা দরে বিক্রি হচ্ছে। নগরীর বাংলাবাজারের খুচরা ব্যবসায়ী তৌহিদ বলেন, পাইকারি বাজার থেকে সবজি কিনে লেবার খরচ, ভ্যান ভাড়া দিয়ে আনতে হয়। পরে বাজারে বিক্রি করতে হলে ইজারা, বিদ্যুৎ বিল দিতে হয়। যে কারণে পাইকারি বাজারের তুলনায় খুচরা বাজারে দাম কিছুটা বেশি। এদিকে কিছু দিন ধরেই বরিশালের বাজারে ব্রয়লার মুরগির দাম প্রতি কেজি ১৬০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া সোনালি মুরগি ২৭০ থেকে ২৮০ টাকা এবং পেয়ার ২৯০ থেকে ৩১০ টাকা দরে বিক্রি হচ্ছে। গরুর মাংস ৮০০ টাকা ও খাসির মাংস ১২০০ টাকা দরে বিক্রি হচ্ছে। বরিশাল নগরীর পোর্ট রোড মাছ বাজার যুরা দেখা গেছে, কেউ কেউ কৈজি আকারের ভেদে ২৫০ থেকে ৪০০ টাকা, কাতল আকার ভেদে ২২০ থেকে ৫০০ টাকা, চিড়িড়ি ৮০০ থেকে ১২০০ টাকা, ভেটকি ৪০০ থেকে ৫৫০, পাবদা ২০০ থেকে ৪০০ টাকা, টেংরা ৫০০ থেকে ৭০০ টাকা, টাউকি ২২০ থেকে ২৫০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া তেলোপিয়া ১২০ টাকা থেকে ১৬০ টাকা কেজি ও পাঙ্গাশ ১৫০ থেকে ১৮০ টাকা পর্যন্ত কেজিতে বিক্রি হচ্ছে। পাশাপাশি আগের তুলনায় বেড়েছে সামুদ্রিক মাছের দামও। পোর্ট রোড বাজার করতে আসা ক্ষুদ্র ব্যবসায়ী মুশফিকুর রহমান বলেন, আগে এক হাজার টাকা নিয়ে বাজারে আসলে মাছ সবজি দুটোই কেনা যেতে, এখন এক হাজার টাকায় এক ধরনের মাছ কেনাই কঠিন হয়ে যাচ্ছে। আর ইলিশ তাে এখন সাধার বাইরে চলে গেছে।

সেরা ২০০ শিক্ষাপ্রতিষ্ঠান

সর্বমোট ৩০০ মিলিয়ন ডলার ঋণ সহায়তা দিচ্ছে। এর মধ্যে নির্ধারিত কিছু লক্ষ্যমাত্রা বা ডিএলআর অর্জন সাপেক্ষে ২৮০ মিলিয়ন মার্কিন ডলার ছাড় করা হবে। প্রকল্পের ৫ বছর মেয়াদে মোট ৩৫টি ডিএলআর অর্জনের লক্ষ্য রয়েছে, যার প্রতিটি অর্জনের বিপরীতে নির্ধারিত অর্থ সরকারি কোষাগারে জমা হবে। সংশ্লিষ্ট সূত্র জানায়, প্রকল্পের দ্বিতীয় বছরের (২০২৫) নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শিখন ত্বরান্বিতকরণের ক্ষেত্রে সফল মাধ্যমিক পর্যায়ে সেরা ১০০টি শিক্ষাপ্রতিষ্ঠান এবং জলবায়ু সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নে সেরা ১০০টি শিক্ষাপ্রতিষ্ঠানকে সাটিফিকেট ও পুরস্কার প্রদান করা হবে। এই কর্মসূচি বাস্তবায়নের জন্য এর আগে প্রতি উপজেলা বা থানা থেকে ৪টি করে শিক্ষাপ্রতিষ্ঠান (৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ১টি দাখিল মাদ্রাসা) নির্বাচন করা হয়েছিল। নির্দেশনা অনুযায়ী, সেরা শিখন ত্বরান্বিতকারী প্রতিষ্ঠান নির্বাচনের জন্য নির্বাচিত বিদ্যালয় ও মাদ্রাসাগুলোকে তাদের ৬ষ্ঠ ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের গণিত বিষয়ের বিগত দুই শিক্ষাবর্ষের (২০২৪ ও ২০২৫) বার্ষিক পরীক্ষার ফল একটি অনলাইন সফটওয়্যারে এন্ট্রি করতে হবে। একইসঙ্গে প্রতিষ্ঠান প্রধাণের স্বাক্ষর করা ফলের স্ক্যান কপিও আপলোড করতে হবে। অন্যদিকে, সেরা জলবায়ু চ্যাম্পিয়ন শিক্ষাপ্রতিষ্ঠান নির্বাচনের জন্যও প্রয়োজনীয় তথ্য ও প্রমাণক একই সফটওয়্যারে যুক্ত করার নির্দেশনা দেওয়া হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পাঠানো তথ্যের সঠিকতা যাচাইয়ের জন্য উপজেলা ও মেট্রোপলিটান থানা পর্যায়ে ৩ সদস্যের আলাদা ‘স্থানীয় কমিটি’ গঠন করা হয়েছে। উপজেলা পর্যায়ে কমিটিতে সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এবং সদস্য সচিব হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দায়িত্ব পালন করবেন। এছাড়া, মেট্রোপলিটান থানা পর্যায়ের কমিটিতে সভাপতি থাকবেন সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এবং সদস্য সচিব থাকবেন থানা মাধ্যমিক শিক্ষা অফিসার।

ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে

ইশরাত জাহান ভারতীয় দূতকে তলব করেন। এর আগে সোমবার দুপুরে পররাষ্ট্রমন্ত্রী খ’লিলুর রহমান উপদেষ্টা জাহেদ উর রহমানকে ভারতের ইমিগ্রেশন কর্তৃপক্ষের দিল্লিতে প্রবেশে বাধা দেওয়ার ঘটনাকে অনাকাঙ্ক্ষিত ঘটনা এবং দুঃখজনক বলে মন্তব্য করেন। খ’লিলুর রহমান বলেন, এটা একটা অনাকাঙ্ক্ষিত ঘটনা এবং দুঃখজনকও বটে। এ বিষ’য়ে পররাষ্ট্র মন্ত্রণালয় যথোপযুক্ত ব্যবস্থা নিচ্ছে। আজকের দিন শেষে আমরা এ বিষয়ে আপনাদের জানাবো। পরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়়েদ ইসলাম বলেন, পুরো ঘটনা জেনে যদি কোনো অ্যাকশন নেওয়ার থাকে, সে অনুযায়ী পদক্ষেপ নেব। এ বিষয়ে আমাদের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা কাজ করছেন। দিল্লিতে সোমবার শুরু হওয়া ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের (আইওআরএ) ষ্ঠো কর্মকর্তাদের দুই দিনের বৈঠকে অংশ নিতে প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমান রোববার সন্ধ্যায় হিন্দ্রা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। ওই বৈঠকে তার বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেওয়ার কথা ছিল। পশাপাশি ঢাকার সঙ্গে সরাসরি সড়ক যোগাযোগ এবং পায়রা সড়কবন্দরের নিকটবর্তী অবস্থান পণ্য পরিবহনে সহায়ক হবে। তিনি বলেন, এখানে খাস খতিয়ানের পর্যাপ্ত জমি রয়েছে। মন্ত্রণালয় থেকে নির্দেশনা পাওয়ার পর আমরা প্রয়োজনীয় কার্যক্রম শুরু করব। বরগুনার জেলা প্রশাসক তাহলিমা আক্তার বলেন, উপকূলীয় এ জেলায় একটি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের প্রস্তাব দেওয়া হয়েছিল। পায়রা বন্দরের নিকটবর্তী হওয়ায় এটি অর্থজাতিকে বাণিজ্যের একটি কৌশলগত কেন্দ্র হিসেবে গড়ে উঠতে পারে। অর্থনৈতিক অঞ্চল বাস্তবায়িত হলে সামুদ্রিক সম্পদ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ, মৎস্য, কৃষি, শিল্প এবং পর্যটন খাতের সমন্বিত উন্নয়নের সুযোগ সৃষ্টি হবে। পিরোজপুরের জেলা প্রশাসক আবু সাঈদ বলেন, পিরোজপুরে অর্থনৈতিক অঞ্চল গড়ে উঠলে কাঁচামাল ও শ্রমশক্তির সহজলভ্যতার কারণে দেশি-বিদেশি বিনিয়োগ বাড়বে। কৃষি ও মৎস্যভিত্তিক শিল্পের বিকাশের মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। উপপাদিত পণ্য দেশের চাহিদা পূরণের পাশাপাশি বিদেশেও রপ্তানি করা যাবে। এ লক্ষ্যেই পিরোজপুরে একটি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের প্রস্তাব দেওয়া হয়েছে। তিনি বলেন, সড়কপথে ঢাকা, খুলনা ও বরিশালের সঙ্গে দ্রুত যোগাযোগ এবং

নৌপথে চট্টগ্রাম, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরের সঙ্গে সংযোগ থাকায় কাঁচামাল ও উৎপাদিত পণ্য পরিবহন সহজ হবে।

আবারও বিদ্যুৎ ঘাটতির

হচ্ছে। গত তিন দিন ধরে বরিশাল মহানগরীর ৬টি ৩৩/১১ কেভি সাব-স্টেশন থেকে মহানগরী ছাড়াও ঝালকাঠী জেলা সদরসহ কয়েকটি উপজেলাতে প্রায় দেড়শ মেগাওয়াট চাহিদার বিপরীতে দিনরাতই ২৫-৩০ ভাগ পর্যন্ত বিদ্যুৎ ছাটাই করা হচ্ছে। ফলে বরিশাল বিভাগীয় সদরের প্রতিটি এলাকাতেই ৩-৫ ঘণ্টা পরে এক ঘণ্টা করে লোডশেড করতে হচ্ছে। ফলে শিল্প ও ব্যবসা-বাণিজ্যের মতো সুস্থ সামাজিক কর্মকাণ্ডও নানামুখি সংকট তৈরি হচ্ছে। বছরের মাঝ সময়ে এসে ঝুলগুলাতে অর্ধবার্ষিক পরীক্ষা ছাড়াও আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের দুর্ভোগের সাথে অভিবাবক মহলেও উদ্দগ-উৎকণ্ঠা বাড়ছে। এমনকি শহরের চেয়ে পল্লী বিদ্যুৎ এলাকায় সংকট আরো বেশি। অথচ বরিশাল বিভরণ অঞ্চলে প্রায় ৮শ মেগাওয়াট চাহিদার মধ্যে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ৬টি পল্লী বিদ্যুৎ সমিতির গ্রাহকদের চাহিদাই প্রায় সাড়ে ৫শ মেগাওয়াট। কিন্তু সেখানেই বিদ্যুৎ ঘাটতি সব সময়ই বেশি। এমনকি সাড়ে ৫শ মেগাওয়াট চাহিদার বিপরীতে পল্লী এলাকায় ঘাটতির পরিমাণ কখনো ২শ মেগাওয়াটও অতিক্রম করছে। অথচ এ অঞ্চলে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মালিকানাধীন ১,৩২০ মেগাওয়াট ক্ষমতার একটি তাপবিদ্যুৎ কেন্দ্রের ১ম ইউনিটটি থেকে এখন জাতীয় গ্রিডে ৫শ মেগাওয়াটেরও বেশি বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। একদমিক এ বিদ্যুৎ ঘাটতির বিষয়ে পাওয়ার গ্রিড কোম্পানি, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিশন কোম্পানি এবং আরইবির একাধিক দায়িত্বশীল মহলে আলাপ করা হলে কেউই বিষয়টি নিয়ে সুস্পষ্ট কিছু বলতে না পারলেও সবাই জানিয়েছেন, নেকোনো কারণে বড় ধরনের উৎপাদন ঘাটতির ফলেও জাতীয় গ্রিড থেকে বরিশাল অঞ্চলেও চাহিদার তুলনায় ২৫-৩০ ভাগ বিদ্যুৎ ঘাটতি চলছে। তবে করে নাগাদ চলমান এ লোডশেডিং পরিষ্কৃতির উন্নতি হবে, সে সম্পর্কে কেউই সুস্পষ্টভাবে কিছু বলতে না পারলেও সোমবার সকাল ১১টার পরে এ অঞ্চলে কোনো বিদ্যুৎ ঘাটতি ছিল না বলে জানিয়েছেন বিদ্যুৎ-সংশ্লিষ্ট দায়িত্বশীল মহল।

আটকে আছে ভাঙা-বরিশাল- কুয়াকাটা

জানান, মেয়ের বিয়ের খরচের জন্য শৈতুক জমির ১৫ শতাংশ থেকে ৩ শতাংশ বিক্রি করতে চেয়েছিলেন। কিন্তু ক্রেতারা এসে যখনই দেখে ঘরবাড়িতে লাল রঙের নম্বর দেয়া, তখনই ফিরে যায়। তাই বাধ্য হয়ে ধার করে মেয়েকে বিয়ে দিয়েছেন। ফরিদপুরের ভাঙা থেকে কুয়াকাটা পথে ৭৫ হাজার ৬০০ একর জমির মহাপরিকল্পনায় ১৯টি স্টেশন ও ১টি জংশন সমৃদ্ধ এই মেগা প্রকল্পের প্রাথমিক বাজেট ধরা হয়েছিল ৪১ হাজার ২০০ কোটি টাকা। তবে বছরের পর বছর কালায় থাকা এই ব্যয় বহুগুণ বেড়ে যাবে বলে মনে করছেন অর্থনীতিবিদরা। সরকারি বরিশাল হাওমো আলী কলেজের অধ্যাক অর্থনীতিবিদ অধ্যাপক মো. আখতারুজ্জামান খান বলেন, ‘যেকোনো মেগা প্রকল্প দীর্ঘায়িত হলে তার প্রাথমিক প্রাক্কলিত ব্যয় আর ঠিক থাকে না। মূদ্রাস্ফীতি, নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধি এবং ভূমি অধিগ্রহণ ব্যয় বাড়ার কারণে এই ৪১ হাজার কোটি টাকার প্রকল্প শেষ পর্যন্ত কোথায় গিয়ে ঠেকবে তা বলা মুশকিল।’ প্রকল্পের এমনই ধীরগতি এবং স্থানীয়দের ভোগান্তি নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে স্থানীয় নাগরিক সংগঠনের নেতৃবৃন্দ। বরিশাল বিভাগ উন্নয়ন ও স্বার্থ সংরক্ষণ কমিটির সাধারণ সম্পাদক ডা. মিজানুর রহমান বলেন, ‘পায়রা বন্দর ও কুয়াকাটাকে রেল টেওরার্কি যুক্ত করা দক্ষিণাঞ্চলের অর্থনীতির জন্য লাইফলাইন। কিন্তু দুজনের বিষয়, ‘মানুষকে আশার বাগী গনিয়ে অর্থ সংকটের অজুহাত দেয়া হচ্ছে। স্থানীয় মানুষ তাদের নিজেদের জমি ব্যবহার করতে পারছে না, এটি চরম অন্যাায়। আমরা দাবি জানাচ্ছি, দ্রুত অর্থ সংস্থান করে জমি অধিগ্রহণের ক্ষতিপূরণ দেয়া য়োক, না হলে লাল নম্বর তুলে দিয়ে মানুষকে স্বাভাবিক জীবনযাত্রার সুযোগ করে দেয়া হোক।’ রেলওয়ের দায়িত্বশীল সূত্র নিশ্চিত করেছে, এই রেলপথটি নির্মাণ কাজ ২০২২ সালে শুরু হয়ে শেষ হওয়ার কথা ছিলো ২০২৯ সালে। তবে ২১৫ কিলোমিটারের এই বিশাল প্রকল্পটির ভবিষ্যৎ এখন সম্পূর্ণভাবে নির্ভর করছে বড় কোনো অর্থ সহায়তা বা ঋণের ওপর। উন্নয়ন সহযোগী না পাওয়ার কাজ শুরু করা যাচ্ছে না। এ বিষয়ে মৃত্যুকোনো বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অবসরাগী্যো) আলি ফকতাহ মো. মাসউদুর রহমান জানান, প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং বিশদ নকশা প্রণয়নের কাজ আগেই শেষ হয়েছে। তবে এটি একটি বিশাল বাজেটের মেগা প্রকল্প। বর্তমানে অর্থ সংকটে প্রকল্পটি আটকে আছে।

বিশ্বকাপ উন্ডানো

কলাপাড়ায় ৩০ ফুটের ‘ব্রাজিল গেট’ দেখতে ভিড়

কলাপাড়া প্রতিনিধি

ফুটবল বিশ্বকাপকে ঘিরে সারাদেশের মতো পটুয়াখালীর কলাপাড়াতেও বইছে উৎসবের আমেজ। খ্রিয় দলের প্রতি সমর্থন জানাতে বিভিন্ন স্থানে টানানো হয়েছে ব্যানার, ফেস্টুন ও পতাকা। তবে সব আয়োজনকে ছাপিয়ে এবার আলোকানায় এসেছে কলাপাড়া শহরের প্রবেশমুখে নির্মাণ করা ব্যতিক্রমী ‘ব্রাজিল গেট’। যা ইতোমধ্যে ফুটবলপ্রেমীদের নজর কেড়েছে। সরেজমিনে দেখা যায়, উপজেলার বাসসড়টিং সলংগ শহরের প্রবেশদ্বারে ব্রাজিল সমর্থকরা প্রায় ৩০ ফুট দৈর্ঘ্য ও ২৫ ফুট প্রস্থের একটি বিশাল গেট নির্মাণ করেছেন। সবুজ ও হলুদ রঙের কাপড়ের সমন্বয়ে তৈরি গেটটির শীর্ষে শোভা পাচ্ছে ব্রাজিল ও বাংলাদেশের জাতীয় পতাকা। দূর থেকেই গেটটির আকর্ষণীয় সাজসজ্জা নজর কাড়ছে পথচারী ও দর্শনাধীদের। আয়োজকরা জানান, বিশ্বকাপে ব্রাজিল দলের প্রতি সমর্থন প্রকাশের পাশাপাশি নতুন প্রজন্মকে খেলাধুলার প্রতি উৎসাহিত করা এবং মাদকমুক্ত সমাজ গঠনের বার্তা ছড়িয়ে দিতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। গেটটি এখন স্থানীয়দের কাছে একটি দর্শনীয় স্থানে পরিণত হয়েছে। প্রতিদিনই অসংখ্য মানুষ এখানে এসে ছবি তুলছেন এবং বিশ্বকাপের খেলাধুলার প্রতি আগ্রহী করা এবং মাদক থেকে দূরে রাখতে এই ব্যতিক্রমী ব্রাজিল গেট নির্মাণ করেছি। বিশ্বকাপে খ্রিয় দলের প্রতি ভালোবাসা প্রকাশের পাশাপাশি সমাজের জন্য ইতিবাচক একটি বার্তা পৌঁছে দেওয়াই মূল উদ্দেশ্য।’

বর্ষা

১০ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে

ও পেশায় ট্রলার চালক মো. দুলাল গাজী (৬০) সোমবার সকালে একা পেয়ে ওই ১০ বছরের শিশুটিকে ফুসলিয়ে নিম্নমিডারে ধর্ষণ করে। পরবর্তীতে শিশুটির শারীরিক অবস্থা ও কাল্পা দেখে পরিবারের সদস্যরা বিষয়টি টের পান এবং দ্রুত তা জানাজানি হলে পুরো ছোটবিধাই ইউনিয়নের সচেতন নাগরিকেরা ক্ষোভে ফেটে পড়েন। ঐএলাকার সাধারণ মানুষ ও সচেতন যুবসমাজ তীব্র ক্ষোভ প্রকাশ করে বলছেন, “আজ ছোটবিধাইয়ের মাটি কলঙ্কিত! আজ এই অব্যব মেয়ের সাথে এই অন্যায় হয়েছে, এর যদি কঠিন বিচার না হয় তবে কাল আমাদের কারোর মেয়ের সাথে এমনটা ঘটবে না, তার গ্যারান্টি কোথায়?” লস্পট দুলাল গাজীর এমন দুষ্টান্তমূলক ও কঠিনতম শাস্তি নিশ্চিত করার দাবি উঠেছে, যাতে ভবিষ্যতে এই এলাকায় আর কেউ ধর্ষণ তো দূরের কথা, কোনো নারী বা শিশুকে ইভটিজিং করার দুঃসাহসও দেখাতে না পারে। ঐঘটনার পরপরই বিষয়টি পটুয়াখালী সদর থানা পুলিশে অবহিত করা হলে পুলিশ প্রশাসন অত্যন্ত গুরুত্বের সাথে দ্রুত অভিযানে নামে। জনরোম থেকে বাঁচতে পালিয়ে যাওয়ার আগেই লস্পট ও ধর্ষক দুলাল গাজীকে পুলিশ গ্রেফতার করতে সক্ষম হয়। পুশলি জানিয়েছে, নাবালিকা শিশু ধর্ষণের খবর পাওয়া মাত্রই পুলিশ দ্রুত আশ্রমনে গিয়ে অভিযুক্তকে গ্রেফতার করছে। ভুক্তভোগী শিশুটিকে ডাক্তারি পরীক্ষার জন্য হাসপাতালে পাঠানো হচ্ছে। এই জঘন্য অপরাধের বিরুদ্ধে একটি কঠোর নিয়মিত মানমা দায়ের করা হয়েছে এবং আইনানুযায়ী আসামির সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে পুলিশ সর্বোচ্চ পেশাদারিত্বের সাথে কাজ করছে।

বিদ্যালয়ের মাঠে বেড়া

বেড়া দেওয়া হয়েছে। গাছও কেটে নেওয়া হচ্ছে। ভয়ে কেউ প্রতিবাদ করতে পারছে না। যিনি তাঁর (তৈয়ব হোসেন) জমির দাবি থাকে, তাহলে সরকার কর্তৃপক্ষের মাধ্যমে জমি মেগে বিষয়টি নিষ্পত্তি করা উচিত। বিদ্যালয়ের পাশেব বাসিন্দা লিটন হোসেন বলেন, ‘একসময় তৈয়ব হোসেন বিদ্যালয়ের সভাপতি হলে চেয়েছিলেন। পরে বিদ্যালয়ের বিরুদ্ধে মামলা করেন। প্রতিবাদ করার স্থানীয় কয়েকজনের বিরুদ্ধেও মামলা দিয়েছিলেন। এখন তিনি বিদ্যালয়ের জমি দখল করে গাছ কাটছেন।’ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. কামরুল ইসলাম বলেন, গাছগুলো বিদ্যালয় থেকেই রোপণ করা হয়েছিল এবং জমিটিও বিদ্যালয়ের দখলে ছিল। যদি তৈয়ব হোসেন মামলায় জমি পেয়ে থাকেন, তাহলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নিয়ে জমি মেগে সীমানা নির্ধারণ করা উচিত ছিল। বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে লিখিতভাবে জানানো হবে। এ বিষয়ে নেছারাবাদ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত দত্ত বলেন, ‘বিষয়টি এমার্টা কলমায়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক লিখিত অভিযোগ দিলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।’

ববি ছাত্রদল নেতার বিরুদ্ধে

তৈরির সময় পার্শ্ববর্তী একটি মছের দোকান ও অন্য একটি বাস কাটীনের লোকজনের সাথে মিনহাজ সাপারের বাক-বিতণ্ডা হয়। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষার্থী মোঃ আরিফ রহমান ঘটনাস্থলে উপস্থিত হলে তাঁর সাথেও বিবাদে জড়িয়ে পড়েন মিনহাজ সাপার। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ফেসবুকে ছড়িয়ে পড়ে। ভিডিওটিতে দেখা যায়, দখলকৃত দোকানের পার্শ্ববর্তী এক দোকানদার স্পষ্ট অভিযোগ করছেন যে মিনহাজ সাপার জোরপূর্ব্বক ওই জায়গা দখল করে দোকান দিয়েছেন। খোঁজ নিয়ে জানা গেছে, ভিডিওটি ধারণ ও সঞ্চয় করেছেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদের যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম হোসেন স্বজন। পরবর্তীতে স্বজন স্বীকার করেন, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদের সাধারণ সম্পাদকের নির্দেশেই তিনি ওই ভিডিওটি করেছিলেন। ঘটনার প্রত্যক্ষদর্শক ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মোঃ আরিফুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে সর্বসাধারণমধ্যে বলেন, “আমার সামনেই জায়গা দখল করে ছাত্রদল দেওয়া এবং বাকবিতণ্ডার ঘটনাটি ঘটেছে। ওখানকার দোকানদার সাধারণত ওই খালি জায়গায় তাঁর গাড়ি রাখতেন। কিন্তু মিনহাজ সেখানে দোকান দেনেন দাবি করে গাড়িটি সরিয়ে নিতে বলেন। দোকানদারের সাথে আমার সুসম্পর্ক থাকায় তিনি আমাকে ফোন করেন। আমি বিষয়টি সমাধান করতে গেলে মিনহাজ আমার সাথেও চরম দুর্ব্বাবহার করেন।” তবে জায়গা দখলের এই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছেন অভিযুক্ত ছাত্রদল নেতা মিনহাজ সাপার। যোগাযোগ করা হলে তিনি বলেন, “আমি জমি দখল করে দোকান দেওয়ার ঘটনার সাথে কোনোভাবেই জড়িত নই। দখল ঘটনাস্থলে পার্শ্ববর্তী দোকানদারদের সাথে বাণিজ্যিক রোগেছিল, সেদিন আমি কেবল সেখানে উপস্থিত ছিলাম। তবে সেখানে সামান্য যে বাকলো হয়েছিল, সেটি সম্পূর্ণ ভিন্ন একটি বিষয়।”

প্রেমিকের বাড়িতে প্রেমিকার

হোয়াশুর করেন এবং বিয়ের আশ্বাসে তাদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক তৈরি হয়। পরে পেয়ে বিশ্ববিদ্যালয় থেকে তরুণী। তরুণী অভিযোগ করে বলেন, দীর্ঘদিনের প্রেমের সম্পর্কের পর হুমায়ূন তাকে বিয়ের আশ্বাস দিলেও এখন বিয়ে করতে অস্বীকার জানাচ্ছেন। আমি হুমায়ূনকেই বিয়ে করছি। বিয়ে ছাড়া আমি এখান থেকে ফিরে যাব না। স্থানীয় বাসিন্দা হুমায় বলেন, আমি চরফাংশনের জাক্বব টাওয়ার এলাকায় তাদের দুজনকে একসঙ্গে দেখেছি। পরিচয় জানতে চাইলে তারা নিজেদের স্বামী-স্ত্রী বলে পরিচয় দিয়েছিল। এখন মেয়েটিকে অনশন করতে দেখে বিষয়টি দুঃখজনক মনে হচ্ছে। যদি তাদের মধ্যে এমন সম্পর্ক থেকে থাকে, তাহলে বিষয়টির সুষ্ঠু সমাধান হওয়া উচিত। স্থানীয়রা ভাষ্য, রোববার অনশন চলাকালে তরুণী বিয়ের একটি বোতল সঙ্গে নিয়ে আসেন। পরে প্রেমিকের পরিবারের সদস্যরা সেটি ছিনিয়ে নেন। এরপরও তিনি অনশন অব্যাহত রাখেন এবং আত্মহত্যার হুমকি দেন বলে জানা গেছে। এদিকে বর্তমানে অভিযুক্ত হুমায়ূন ঢাকায় অবস্থান করছেন বলে জানিয়েছেন তাঁর পরিবার। পরিবারের দাবি, তিনি গত ৭-৮ মাস ধরে ঢাকায় ঢাকার করছেন। হুমায়ুনের মা বলেন, এ মেয়েটি সবেম যদি আমার ছেলের সম্পর্ক থেকে থাকে, তাহলে এতদিন আমাদের জানানো হয়নি কেন? আমরা তো কোনো দিন গুনিনি তাদের মধ্যে এমন কোনো সম্পর্ক আছে। আপনারা ছেলের সঙ্গে কথা বলে দেখেন, ছেলে যদি রাজি হয় তাহলে আমাদেরও আপত্তি নেই। বোরহানউদ্দিন থানার ওসি মনিরুজ্জামান বলেন, এ বিষয়ে থানায় কোনো অভিযোগ দেওয়া হয়নি। আমরা বিষয়টি সম্পর্কে কিছুই জানি না। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ঢাকা-বরিশাল মহাসড়কে

সঙ্গে বিপরীত দিক থেকে আসা একটি পণ্যবাহী ট্রাকের যুগ্মোম্মি সংঘর্ষ হয়। সংঘর্ষের তীব্রতায় মিনি ট্রাকটি দুমড়ে-মুচড়ে যায়। এতে ঘটনাস্থলেই নিহত হন চালক আর নাক্ষিয় মান। দুর্ঘটনায় পণ্যবাহী ট্রাকে থাকা জুয়েল (৩৫), সজীব (২৫), আমিরুল (৩২) ও লাভলু (৩০) গুরুতর আহত হন। স্থানীয় বাসিন্দা, ফায়ার সার্ভিস ও পুলিশের সদস্যরা তাদের উদ্ধার করে বাসারীপুর ২৫০ শয্যাশিপিষ্ট জেলা হাসপাতালে ভর্তি করেন। সেখানে তাদের চিকিৎসা চলছে। আহত জুয়েল কুষ্টিয়ার কুমারখালী উপজেলার বরাগ্রাম এলাকার ইউসুফে ছেলে এবং পণ্যবাহী ট্রাকটির চালক। সজীব একই উপজেলার এলোবাণী গ্রামের বাবলুর ছেলে ও ট্রাকটির সহকারী। এ ছাড়া, আমিরুল বিনাইনহু সদর উপজেলার চাপারা গ্রামের খলিলের ছেলে এবং লাভলু বিনাইনহুের মহেশপুর উপজেলার কাজিরবেল এলাকার ইনসানের ছেলে। তারা ট্রাকটির শ্রমিক হিসেবে কর্মরত ছিলেন। খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান পরিচালনা করেন। পরে দুর্ঘটনাকবলিত যানবাহন সরিয়ে মহাসড়কে অংশ নেয়। দুর্ঘটনাকবলিত যানবাহন সরিয়ে মহাসড়কে যান চলাচল স্বাভাবিক করা হয়েছে। নিহত ব্যক্তির মরদেহ পরিবারের কাছে হস্তান্তর এবং পরবর্তী আইনগত কার্যক্রম প্রক্রিয়ান্বীত রয়েছে।’

ভরা মৌসুমেও বরিশালে ইলিশের

আকাশছোঁয়া। এক কেঁজি ওজনের ইলিশ বিক্রি হচ্ছে ২ হাজার ৫০০ থেকে ২ হাজার ৬০০ টাকায়। ৭০০ থেকে ৯০০ গ্রাম ওজনের মাঝারি আকারের ইলিশের দাম ২ হাজার ২৫০ থেকে ২ হাজার ৩০০ টাকা। এ ছাড়া ৫০০ থেকে ৬০০ গ্রাম ওজনের ইলিশ বিক্রি হচ্ছে ১ হাজার ৮০০ থেকে ১ হাজার ৯০০ টাকায়। ৪০০ থেকে ৫০০ গ্রাম ওজনের ইলিশের দাম ১ হাজার ৬০০ থেকে ১ হাজার ৭০০ টাকা। ৩০০ থেকে ৩৫০ গ্রাম ওজনের ইলিশ বিক্রি হচ্ছে ১ হাজার ৩৫০ থেকে ১ হাজার ৫০০ টাকায়। আর ২০০ থেকে ২৫০ গ্রাম ওজনের ছোট ইলিশের দাম

১ হাজার ৫০ থেকে ১ হাজার ২০০ টাকা। বাজারে মাছ কিনতে আসা নগরীর কাউনিয়া এলাকার বাসিন্দা রাজু আহমেদ বলেন, ইলিশের ভরা মৌসুমে বরিশালের বাজারে এসে যদি কনতে হয় এক কেঁজি মাছের দাম আড়াই হাজার টাকা, তাহলে আমাদের মতো সাধারণ মানুষের ইলিশ খাওয়ার স্বপ্ন বাদ দিতে হবে। বাংলাবাজার এলাকার রুহুল নামের আরেক ক্রেতা বলেন, পরিবারের জন্য একটি ইলিশ কিনতে বাজারে এসেছিলাম। কিন্তু দাম তনে ছোট সাইজের মাছ কেনার সামর্থ্যও হচ্ছে না। ইলিশ এখন শুধু ধনীদের খাবারে পরিণত হয়েছে। অন্যদিকে নদীতে মাছ শিকার করা জেলে শাহাদাৎ হোসেন বলেন, আগের বছরের তুলনায় এবার নদী প্রায় মাছশূন্য। দীর্ঘ সময় জাল ফেলেও ইলিশসহ কাঙ্ক্ষিত মাছ পাওয়া যাচ্ছে না। জহির মন্স্য ভাঙরের মালিক জহির সিকদার বলেন, নিষেধাজ্ঞার সময়ে বরিশালের বিভিন্ন নদ-নদীতে প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে অসাধু জেলেরা অবশ্যে জটিকা শিকার করেছে। এখন তার প্রভাব পুরো বাজারে পড়ছে। পোট রোড মন্স্য আড়তদার মালিক সমিতির সদস্য সচিব কামাল সিকদার জানান, ভরা মৌসুমেও প্রতিদিন মাত্র ৩০ থেকে ৩৮ মণ ইলিশ মোকামে আসছে। আড়তগুলোতে মাছের সরবরাহ এত কম যে বাসা টিকিয়ে রাখাই কঠিন মনে পড়ছে। তবে স্থানীয় মন্স্য বিভাগ বলছে, এই সংকটের পেছনে মানবসৃষ্ট ও প্রাকৃতিক; দুই ধরনের কারণই রয়েছে। মন্স্য অধিদপ্তর বরিশালের উপ-পরিচালক মোহাম্মদ মোহসীন বলেন, জলবায়ু পরিবর্তন, নদীর নাব্যতা সংকট এবং বিভিন্ন প্রাকৃতিক প্রতিকূলতার কারণে ইলিশের স্বাভাবিক গতিতথ পরিবর্তিত হয়েছে। ফলে সরবরাহ কমে গেছে। এর সঙ্গে মানবসৃষ্ট কারণও দায়ী।

চুক্তিতে পৌঁছেছে ইরান-যুক্তরাষ্ট্র

পূর্ণ আন্তর্জাতিক বাণ্যেরে তেলের দাম কমাতে শুরু করেছে। তবে ইরানের পারমাণবিক কর্মসূচির ভবিষ্যৎ এখনই নির্ধারিত হয়নি। সেটি পরবর্তী আলোচনার জন্য রেখে দেওয়া হয়েছে। এই বিষয়ে চুক্তি হতে পারে আগামী শুক্রবার। বার্তা সংস্থা রয়টার্সের বারের বাবা হয়েছে, ওয়াশিংটনের স্থানীয় সময় রোববার বিকল্প প্রায় তেি ৩০ মিনিটে নিজেস্ব সামাজিক যোগাযোগমাধ্যম ট্রেন্স সোশ্যালয়ে দেওয়া এক পোস্টে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট টোনাঙ্ক ট্রাম্প লিখলেন, ‘ইসলামি প্রজাতন্ত্র ইরানের সঙ্গে চুক্তি এখন সম্পূর্ণ।’ এর কিছুক্ষণ আগে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ঘোষণা দেন, তাঁর দেশের বহুস্থায়ী স্থানীয় সময় সোমবার ভোরে এই সমঝোতা হয়েছে। জানা গেছে, সমঝোতা ‘স্মারকটি আগামী শুক্রবার সুইজারল্যান্ডে অনুষ্ঠানিকভাবে স্বাক্ষর হওয়ার কথা রয়েছে। তবে চুক্তির সুনির্দিষ্ট শর্ত তাৎক্ষণিকভাবে প্রকাশ করা হয়নি। শাহবাজ শরিফ এয়ে দেওয়া এক পোস্টে জানান, সমঝোতায় সব ফ্রন্টে সামরিক অভিযান অবলম্বে এবং স্থায়ীভাবে বন্ধ করার কথা বলা হয়েছে। এর মধ্যে লেবাননও অন্তর্ভুক্ত। লেবাননকে ঘিরে আলোচনায় দীর্ঘ সময় অচলাবস্থা ছিল। সাম্প্রতিক সত্তাহগুলোতে ট্রাম্পসহ বিভিন্ন পক্ষ যুদ্ধ থামানোর আহ্বান জানালেনও ইসরায়েল ও হিজবুল্লাহ নিজেদের হামলা চালিয়ে গেছে। ইরানের সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদের সচিবালয় এক বিবৃতিতে জানিয়েছে, সোমবার রা্ত্র থেকে লেবাননসহ সব ফ্রন্টে যুদ্ধ ও সামরিক অভিযান স্থায়ীভাবে বন্ধ হবে। ইরানের উপপরাষ্ট্রমন্ত্রী কাজেম গরিবাবাদি জানিয়েছেন, ৬০ দিনের যুদ্ধবিধির সময় আরও বিস্তৃত একটি চুক্তি নিয়ে আলোচনা দের। সেখানে সোমবারে ওপর থেকে নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ও অন্তর্ভুক্ত থাকবে। এ ছাড়া ইরানের পারমাণবিক কর্মসূচির ভবিষ্যৎ নিয়েও এই পরবর্তী আলোচনায় সিদ্ধান্ত নেওয়া হবে বলে আগে থেকেই রয়টার্সকে জানিয়েছিল সংশ্লিষ্ট সত্তাগুলো। এই ঘোষণার পরপরই ইসরায়েলের কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তবে দেশটি আওয়ি জানিয়েছিল, যুক্তরাষ্ট্র-ইরান আলোচনার অংশ তারা নয়। ট্রাম্প জানিয়েছেন, বৈশ্বিক তেল ও গ্যাস সরবরাহের অন্যতম গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালি আগামী শুক্রবার থেকে পুনরায় খুলে দেওয়া হবে। কয়েক মাস ধরে ইরান কার্বত এই রুট বন্ধ করে রেখেছিল বলে যুক্তরাষ্ট্রের দাবি। একই সঙ্গে ট্রাম্প বলেছেন, তিনি ইরানি দলবদলের ওপর আরোপিত মার্কিন অরোহণ প্রত্যাহারের নির্দেশ দিয়েছেন। ট্রম্প এখানেই তিনি বলেন, ‘বিশ্বের জাহাজগুলো, ইঞ্জিন চালু করো। তেল প্রবাহিত হতে দাও।’ এই ঘোষণার পর বাজারে তাৎক্ষণিক প্রতিক্রিয়া দেখা যায়। ইসরাবাব দিনের শুরুতে ব্রেট ক্রুড ফিউচারের দাম প্রায় ৪ শতাংশ কমে যায়। একই সময়ে যুক্তরাষ্টরের ওয়েস্ট টেক্সাস ইফারমিটেরের দাম ৪ দশমিক ৬ শতাংশের বেশি পড়ে যায়। এশিয়ার শেয়ারবাজারেও উর্ধ্বমুখী প্রবণতা দেখা যায়।

নেতানিয়াহু বিচারবোধধীন

তিনি ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে ‘বিচারবোধধীন’ আখ্যা দেন। মার্কিন মনোমায়াম্যমা আফ্রিকাকে দেওয়া এক সাক্ষাৎকারেট্রাম্প বলেন, বৈরুত হামলায় ঘটনায় পুরো প্রক্রিয়ায় ধাক্কা লেগেছে এবং চুক্তি স্বাক্ষরের সময় পিছিয়ে গেছে। তাঁর দাবি, চুক্তি বাতিল হয়নি। ট্রাম্প বলেন, ‘এটা পুরো বিষয়টাকে বাড়িয়ে দিয়েছে। সেই কয়েক ঘণ্টা পিছিয়ে গেছে। এখনই হওয়ার কথা ছিল। এখন কয়েক ঘণ্টা পরের জন্য নির্ধারিত হয়েছে।’ এই উত্তরকালে পরিস্থিতির সৃষ্টি হয়েছে এমন একসময়ে, যখন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান যুদ্ধের অবসান ঘটাতে দুই পক্ষের একটি চুক্তি স্বাক্ষরের কথা ছিল। ট্রাম্প আশাবাসী বদ্বস্থান নেওয়ার পর ইরানের উপপরাষ্ট্রমন্ত্রী কাজেম গরিবাবাদি বিষয়টি নিশ্চিত করেন। এর আগে, পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ জানান, চুক্তিটি আগামী শনিবার জেনেভায় স্বাক্ষরিত হবে। বৈরুতে হামলার বিষয়ে প্রতিক্রিয়া জানাতে গিয়ে ট্রাম্প বলেন, তাঁর উদ্দেশ্যেরা কোন করে তাঁকে ঘটনা সম্পর্কে জানানো তিনি বিশ্চিত হন এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর ওপর ক্ষোভ প্রকাশ করেন। ট্রাম্প বলেন, ‘এটা বুঝি খারাপ। আমি বিশ্বাসই করতে পারছিলাম না। আমরা চুক্তি সেই করতে যাছি, তার এক ঘণ্টা আগে।’ তিনি আরও বলেন, হিজবুল্লাহ আগে ইসরায়েলের ওপর হামলা চালিয়েছিল, তবে ওই হামলায় কোনো ক্ষয়ক্ষতি হয়নি এবং কেউ নিহত হয়নি। নেতানিয়াহুকে উদ্দেশ্য করে ট্রাম্প বলেন, ‘বিরুদ্ধে (নেতানিয়াহুর ডাকনাম) কেন এমন একটা হামলা চালিয়েছে? আমি ভীষণ রোগে গিয়েছিলাম। আমি তাঁকে সেটা জানিয়েছি। তার কোনো বিচারবোধ নেই। আমি তাঁকে সেটা জানিয়েছি।’ চুক্তির সম্ভাব্য প্রভাব নিয়ে ট্রাম্প দাবি করেন, ইরানের সঙ্গে এই সমঝোতা ইসরায়েলের জন্যও ইতিবাচক হবে। তাঁর ভাষ্য অনুযায়ী, এই ফিরে ফলে ইরান পারমাণবিক অস্ত্র অর্জন করতে পারবে না, পারমাণবিক উপাদান নিরপত্তা করতে হবে এবং দেশটির পারমাণবিক স্থাপনাগুলোতে তাৎক্ষণিক পরিদর্শনের সুযোগ থাকবে।

মেহেন্দিগঞ্জে গাঁজাসহ

আলী, পিতা: মৃত হোসেন আলী বেপারী, মাতা: আনোয়ারা বেগম। তার স্থায়ী ঠিকানা: কালিকাপুর, মেহেন্দিগঞ্জ পৌসভা, ৫ নং ওয়ার্ড, থানা: মেহেন্দিগঞ্জ, জেলা: বরিশাল। মাদকদ্রব্য বিরুদ্ধে পুলিশের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি। মাদকমুক্ত সমাজ গড়তে এলাকাবাসীর সহযোগিতা কামনা করেছেন থানা কর্তৃপক্ষ।

কচা নদীতে ডুবন্ত জাহাজ

এবং জাহাজের সিঁড়িতে মোবাইল ফোন দেখতে পান স্বজনরা। পরে তাঁর বড় ভাই রানা পশারী ১৩ জন জিহানপার থানার একটি সাধারণ ভায়েরি (জিডি) করেন। রানা পশারী বলেন, ‘তিনি দিন ধরে আমার ভাই নিখোজ ছিল। থানায় জিডি করেছিলাম। সে কীভাবে ওই জাহাজের কাছে গেল, তা বুঝতে পারি না। এটি দুর্ঘটনা নাকি অন্য কিছু, তা ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর বোঝা যাবে।’ জিহানপার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মোহাঃকত খান বলেন, জিডির ভিত্তিতে নিখোজ ব্যক্তিকে উদ্ধারের জন্য ফায়ার সার্ভিসের সহায়তা চাওয়া হয়। পরে ফায়ার সার্ভিস ও পুলিশের যৌথ অভিযানে ডুবে থাকা জাহাজের ভেতর থেকে আশুদুহাধ মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। প্রয়োজনীয় আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন।

বাবুগঞ্জে পানিতে ডুবে যুবকের

করেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের আমীর মাওলানা রফিকুল ইসলাম, মেহেন্দিগঞ্জ জামায়াতের আমীর মাওলানা রুহুল আমীন, সেক্রেটারি মাওলানা আতহার আলী, জামায়াত নেতা মাস্টার শিহাব উদ্দিনহুহ স্থানীয় নেতৃবৃন্দ। নেতৃবৃন্দ রহমদের বিনীত আত্মার মাফিরগত কামনা করবেন এবং শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ও সবার দানের জন্য মনন রবের দরবারে প্রার্থনা করেন। আল্লাহ তাআলা মরহম নেমান হোসেনকে জালাতুল ফিরাদাউস নবির করুন এবং তাঁর

পরিবারকে এ শোক সহ্য করার তাওফিক দান করুন। আমীন।

ভান্ডারিয়ার ইউএনও এবং পৌর

না থাকায় ভবন দুটির নির্মাণ কাজ সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়। ভান্ডারিয়া শহরের সাধারণ মানুষেরে নির্বিঘ্নে চলাচলের সুবিধার্থে ফুটপাথ দখলমুক্ত করার জোরালো পদক্ষেপ নেওয়া হয়। অভিযানে ফুটপাথ দখল করে থাকা পদক্ষেপ স্থাপনা উচ্ছেদ করা হয় এবং সরকারি জায়গা দখল করে ব্যবসা পরিচালনাকারী এক হকার ব্যবসায়ীর সকল মালামাল জব্দ করা হয়। শহরের যানজট নিরসনে ভান্ডারিয়ার অন্যতম ব্যস্ত ভুবনেশ্বর ব্রিজ এবং এর চালে সব ধরনের অবৈধ অটো ও রিকশা পার্কিং সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেন। ব্রিজের উপরে বা চালে গাড়ি রেখে জনদুর্ভোগে সৃষ্টি করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে ঈশ্শিয়ারি দেওয়া হয়। এরপর পৌর প্রশাসক দক্ষিণ ভান্ডারিয়া ৭ নং ওয়ার্ডের বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। সেখানে খাল দখল করে অবৈধ স্থাপনা তৈরি এবং যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলে পরিবেশ দূষণের চিত্র দেখে ক্ষোভ প্রকাশ করেন। একই সাথে ৭৬ নং দক্ষিণ দক্ষিণ ভান্ডারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ ও এর আশেপাশের নোংরা পরিবেশের ব্যাপারে তীব্র অসন্তোষ প্রকাশ করে দ্রুত পরিচ্ছন্নতার নির্দেশ দেন। অভিযানের সময় পৌরসভার কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

ভোলায় মাছসহ ৩ জেলে

পরবর্তীতে জন্দকুত বোর্টে তদার্সি চালিয়ে প্রায় ৭ লাখ টাকা মূল্যের ৬টি অবৈধ ট্রলিং জাল ও ৮০০ কেজি সামুদ্রিক মাছসহ ওই ৩ জন জেলেকে আটক করা হয়েছে। জন্দকুত আতিসালাল ট্রলিবোট, জাল, মাছ ও আটক জেলেদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়ান্বীত রয়েছে।

কলাপাড়ায় অটোচালক অপহরণ

নীলগঞ্জ ইউনিয়নের হাজীপুর ব্রিজ এলাকার আবুল কাহেম জামে মসজিদের সামনে আটক করে বসে। সেখানে পৌঁছানোর পর পরিচালিতভাবে তাকে জোরপূর্ব্বক অপহরণ করে অজ্ঞাত স্থানে নিয়ে যাওয়া হয়। অপহরণের পর দুর্ব্বৃত্তরা রাফিক পরিবারের সঙ্গে যোগাযোগ করে ৫ লাখ টাকা মুক্তিপণ দাবি করে। ছেলেকে জীবিত ফিরে পাওয়ার আশায় রাফিক বাবা মো. হাসান প্রথমে ৫০ হাজার টাকা পরিশোধ করেন। এরপরও ব্যক্তি টাকা না দিলে রাফিকে হত্যা করার হুমকি দেয়া হয় বলে অভিযোগে উল্লেখ রয়েছে। ঘটনার খবর পেয়ে কলাপাড়া থানা পুলিশ তাৎক্ষণিক অভিযান শুরু করে। রাতে বাসস্ট্যান্ড এলাকা থেকে অভিযুক্ত মো. জাহিদ প্যাদা ও মো. ইমরান গাজীকে গ্রেতার করা হয়।

সোনার দাম টানা

২২ ক্যারেটের সোনার দাম পড়বে দাম ২ লাখ ৩০ হাজার ৪২২ টাকা, ২১ ক্যারেটের প্রতি ভরি ২ লাখ ১৯ হাজার ৯৮৩ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি ১ লাখ ৮৮ হাজার ৫৪৯ টাকা এবং সোনাত পদ্ধতিতে প্রতি ভরি দাম ১ লাখ ৫৩ হাজার ৫৫৭ টাকা। এর আগে সবশেষ গত ১৩ জুন সময়ে দেশের বাজারে সোনার দাম সমন্বয় করে বাজুস। সে সময় ভরিতে ৬ হাজার ৫৯০ টাকা বাড়িয়ে ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম ২ লাখ ২৪ হাজার ৯৪০ টাকা, ২১ ক্যারেটের প্রতি ভরি ২ লাখ ১৪ হাজার ৭৩৪ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি ১ লাখ ৮৪ হাজার ৫৮ টাকা এবং সোনাত পদ্ধতিতে প্রতি ভরি সোনার দাম ১ লাখ ৪৯ হাজার ৮৮২ টাকা নির্ধারণ করা হয়। এ নিয়ে চলতি বছর দেশে বাজারে সোনার দাম ৭৫ বার সমন্বয় করা হয়েছে। যেখানে দাম ৩৯ দশা বাড়ানো হয়েছে, কমানো হয়েছে ৩৬ দশা। দেশের বাজারে রূপার দামও বেড়েছে। ভরিতে ২৩০ টাকা বাড়িয়ে ২২ ক্যারেটের এক ভরি রূপার দাম নির্ধারণ করা হয়েছে ৫ হাজার ৩৬৫ টাকা। এ ছাড়া ২১ ক্যারেটের প্রতি ভরি ৫ হাজার ১০২ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি ৪ হাজার ৪৩২ এবং সোনাত পদ্ধতির প্রতি ভরি রূপার দাম ৩ হাজার ২৪৪ টাকা নির্ধারণ করা হয়েছে।

ঝালকাঠিতে চোখ রাঙাচ্ছে ডেঙ্গু

এলাকায় বসবাস করছেন। বৃকিপূর্ণ এলাকার বাসিন্দাদের অভিযোগ, সামান্য বৃষ্টিতেই শহরে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। কিন্তু পরিষ্কার-পরিচ্ছন্নতা ও মশক নিধনে পৌরসভার দৃশ্যমান কোনো ভূমিকা নেই। শহরের কাঠপাট্রি এলাকার বাসিন্দা মিজান হোসেন বলেন, সড়কের বেশিরভাগ থানাভিত্তে পানি জমে থাকছে। দ্রেন ও নর্দমা পরিষ্কার না করায় সামান্য বর্ষাতেই পানি জমে থাকে। দ্রেনের গরজনক্ষেত্রে পরিবত হয়। বাঁশপাট্রি এলাকার করিম হোসেন ক্ষোভ প্রকাশ করে বলেন, পৌরসভার ভেতরে থাকা গিট খাল সারা বছরই ময়লা-আবর্জনায় ঠাসা থাকে। মাঝে মাঝে লোক-দেখানো পরিষ্কার অভিযান চালানো হতেও তাতে কোনো লাভ হয় না। ফলে প্রতিবছরই খালের আশপাশের এলাকায় ডেঙ্গুর প্রকোপ বেড়ে। রিড রোড এলাকার সুভাষ বিশ্বাস জানান, মশক নিধনে পৌরসভার কোনো উদ্যোগ নেই। সড়ক পড়ে না। ঘরে-বাহরে মশার যন্ত্রণায় সাধারণ মানুষের জীবন গুণাগুণ। বালকাঠির সিভিল সার্জন ডা. মোহাম্মদ হুমায়ূন কবীর অবশ্য এখনই অভ্যক্তিত না হওয়ার পরামর্শ দিয়ে বলেন, পরিস্থিতি এখনও চরম শঙ্কাজনক বা নিয়ন্ত্রণের বাইরে চলে যায়নি। সন্নর হাসপাতালে পর্যাপ্ত চিকিৎসা সরঞ্জাম ও ওষুধের ব্যবস্থা রয়েছে। তবে ডেঙ্গু প্রতিরোধে সাধারণ মানুষকে আরও বেশি সচেতন হতে হবে এবং বাড়ির চারপাশ পরিষ্কার রাখতে হবে।

পাঁচ বছরেও শেষ

বৃকিপূর্ণ হয়ে উঠেছে। প্রায়ই ঘটছে ছোট-বড় দুর্ঘটনা। কুড়িপাইকা বাসিন্দা বান্দিনা রমজান আলী বলেন, ‘আমি অসুস্থ হয়ে চিকিৎসার জন্য পটুয়াখালী সদর হাসপাতালে যাছিলাম। ব্রিজ উঠতে গিরে কাঠের মই থেকে পা পিছলে পড়ে যাই। ভাগ্য ভালো বড় ধরনের আঘাত পাইনি। কিন্তু সেদিন আর হাসপাতালে যেতে পারিনি। আমাদের মতো বৃদ্ধ মানুষের জন্য এই ব্রিজ পার হওয়া খুবই কষ্টকর।’ স্থানীয় বাসিন্দা মো. জাহাঙ্গীর হোসেন বলেন, ‘ব্রিজের কাজ শুরু হওয়ার পর আরো ভেবেছিলাম কয়েক বছরের মধ্যেই যোগাযোগ ব্যবস্থার উন্নতি হবে। কিন্তু পাঁচ বছরেও কাজ শেষ হয়নি। এখন ব্রিজ আছে, কিন্তু ব্যবহার করা যায় না। এতে মানুষের দুর্ভোগ আরও বেড়েছে।’ এলাকাবাসী জানান, কুড়িপাইকা, ভুরিয়া, পশ্চিম কুড়িপাইকা, পূর্ব কুড়িপাইকা, কমলাপুর, সৌলঙ্গা আশপাশের অজ্ঞত আট গ্রামের মানুষ প্রতিদিন এই পথ ব্যবহার করেন। শিক্ষার্থী, কৃষক, জেলে, ক্ষুদ্র ব্যবসায়ী ও চাকরিজীবীদের জন্য এটি অন্যতম গুরুত্বপূর্ণ যোগাযোগ মাধ্যম। কুড়িপাইকা মৌখিকক বিদ্যালয়ের শিক্ষার্থী তানিয়া আক্তার বলে, ‘প্রতিদিন স্কুলে যেতে ব্রিজ পার হতে হয়। মই বেয়ে উঠানামা করতে ভয় লাগে। বৃষ্টি হলে আরও বেশি সমস্যা হয়। অনেক সময় স্কুলে যেতে দেরি হয়ে যায়।’ একজন অভিভাবক আদুল মালেক বলেন, ‘ছোট ছোট ছেলেমেয়েরা স্কুলি দিনে স্কুলে যান। আমরা সব সময় আতঙ্কে থাকি। কখন যে

কোনো দুর্ঘটনা ঘটে যায়, সেই ভয় কাজ করে।’ বর্ষা মৌসুমে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে ওঠে। সেতুর আশপাশের সড়কে কাদা ও জলাবদ্ধতার সৃষ্টি হয়। ফলে চলাচল প্রায় অচল হয়ে পড়ে। জরুরি রোগী হাসপাতালে নেওয়া এবং কৃষিপণ্য পরিবহনে দেখা দেয় নানা প্রতিবন্ধকতা। স্থানীয় কৃষক হারুন মিয়া বলেন, ‘আমাদের উপাদিত ধান, সবজি ও অন্যান্য কৃষিপণ্য বাজারে নিতে অনেক সমস্যা হয়। পরিবহন খরচ বেড়ে যায়। অনেক সময় ন্যায্যমূল্যও পাওয়া যায় না।’ মাছ ব্যবসায়ী সোহেল রানা বলেন, ‘ভালো রাস্তা না থাকায় অনেক গাড়ি আসতে চায় না। এতে ব্যবসায়ীদের ক্ষতি হচ্ছে। দ্রুত ব্রিজের কাজ শেষ হলে এলাকার অর্থনীতিও উপকৃত হবে।’ স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে ধীরগতিতে চলছে প্রকল্পের কাজ। এর মধ্যে কয়েক দফা কাজ বন্ধও ছিল। ফলে এলাকাবাসীর মধ্যে ক্ষোভ ও হতাশা তৈরি হয়েছে। তাদের দাবি, দ্রুত সংযোগ সড়ক নির্মাণসহ অবশিষ্ট কাজ শেষ করে সেতুটি যান চলাচলের জন্য উন্মুক্ত করা হোক। এ বিষয়ে জানতে চাইলে পটুয়াখালী এলজিইডির নির্বাহী প্রকৌশলী বলেন, ‘কিছু কারিগরি ও প্রশাসনিক জটিলতার কারণে কাজ সম্পূর্ণ করতে বিলম্ব হয়েছে। তবে সমস্যাগুলো সমাধানের প্রক্রিয়া চলছে। দ্রুত সময়ের মধ্যে সংযোগ সড়কসহ অবশিষ্ট কাজ শেষ করে সেতুটি জনগণের জন্য উন্মুক্ত করা হবে।’ তিনি আরও বলেন, ‘প্রকল্পটি গুরুত্বের সঙ্গে পর্যবেক্ষণ করা হচ্ছে। কাজ দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে।’ দীর্ঘ প্রতীক্ষার পরও সেতুটি চালু না হওয়ায় হতাশ স্থানীয়রা। তবে কর্তৃপক্ষের আশাস কত দ্রুত বাস্তবায়ন হয়, এখন সেদিকেই তাকিয়ে রয়েছেন আট গ্রামের প্রায় ১০ হাজার মানুষ। তাদের প্রত্যাশা, দ্রুত সেতুর নির্মাণকাজ সম্পূর্ণ হলে দীর্ঘদিনের দুর্ভোগের অবসান ঘটবে এবং এলাকার যোগাযোগ ব্যবস্থায় ফিরে আসবে নতুন গতি।

নাফনদী থেকে সাত জেলেকে ধরে নিয়ে গেলো আরাকান আর্মি

কীর্ত্তনখোলা ডেঙ্গু

কম্বোজারের টেকনাফের নাফ নদী থেকে দুটি ট্রলারসহ সাতজন জেলেকে ধরে নিয়ে গিয়ে মিয়ানমারের সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি। সোমবার (১৫ জুন) সকাল ৮টার দিকে শাহপরীর দ্বীপ সংলগ্ন নাফ নদীর মোহনা এলাকা থেকে তাদের আটক করে নিয়ে যাওয়া হয়। আটক জেলেরা হলেন- টেকনাফের সারাবাং ইউনিয়নের শাহপরীর দ্বীপের বাসিন্দা মো. ফায়সাল, সৈয়দুর রহমান, সৈয়দ আলম, মো. হেলাল, মো. জলিল, আজম উদ্দাহ এবং মোহাম্মদ ফয়সাল আহমেদ। স্থানীয় জেলে সুলতান আহমদ বলেন, ‘সোমবার সকালে শাহপরীর দ্বীপ সংলগ্ন নাফনদীর মোহনায় মাছ ধারার সময় মিয়ানমারের রাখাইন সীমান্ত এলাকা থেকে এসে আরাকান আর্মির সদস্যরা দুটি ট্রলারসহ সাত জন জেলেদের আটক করে নিয়ে যায়। আটক জেলেদের সবার বাড়ি শাহপরীর দ্বীপ এলাকায়।’ তিনি আরও বলেন, ‘জেলেরা প্রতিদিন নাফনদীর ওই এলাকায় মাছ শিকার করেন। নদীতে নির্দিষ্টভাবে বাংলাদেশ ও মিয়ানমারের সীমানা চিহ্নিত করা কঠিন হওয়ায় অনেক সময় জেলেরা জলাবশত মিয়ানমার সীমানরের দিকে চলে যান। এ সুযোগে আরাকান আর্মির সদস্যরা বিভিন্ন সময় জেলেদের ধাওয়া করে আটক করে নিয়ে যায়।’ আরেক জেলে মো. আলী জানান, ‘নাফনদী ও সাগরে মাছ ধরা এখন জেলেদের জন্য অনেক কঠিন হয়ে পড়েছে। সব সময় আরাকান আর্মির আতঙ্ক তাদের মধ্যে কাজ করে। সুযোগ পেলেই আরাকান আর্মির সদস্যরা স্পিডবোটে এসে অস্ত্রের মুখে জেলেদের আটক করে নিয়ে যায়। এ কারণে জেলেরা চরম নিরাপত্তাহীনতা ও আতঙ্কিত হয়ে গিয়েছে।’ জীবিকা নির্বাহ করছেন।’ টেকনাক উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এস. এম. অনীক চৌধুরী বলেন, ‘শাহপরীর দ্বীপ এলাকার সাত জন জেলেকে আরাকান আর্মি আটক করেছে বলে তিনি জানানত পেরেছেন। বিষয়টি নিয়ে বিজিবির সঙ্গে যোগাযোগ করা হচ্ছে।’ পরবর্তী সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।’

হাম ও হামের উপসর্গে আরও ৪ শিশুর মৃত্যু, নতুন আক্রান্ত হাজারের বেশি

কীর্ত্তনখোলা ডেঙ্গু

দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গে আরও চার শিশু মারা গেছে। তাদের মধ্যে এক শিশুর হাম শনাক্ত ও উপসর্গ ছিল তিন শিশুর। চার শিশুর সবাই ঢাকায় মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে মৃত্যু বেড়ে ৫৬৬ জনে দাঁড়িয়েছে। সোমবার (১৫ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে তথ্য বরাহে, রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় সারাদেশে ৯৭২ জন শিশুর শরীরে হামের উপসর্গ দেখা গেছে। এসময়ে নতুন করে হাম শনাক্ত হয়েছে ৬৪ শিশুর। ২৪ ঘণ্টায় মোট ১০৩৮ শিশু আক্রান্ত হয়েছে। চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে হাম উপসর্গে ৫৬৩ শিশু মারা গেছে। এসময়ে হাম শনাক্ত হয়ে মারা গেছে ৯৩ শিশু। সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৮ জন হাসপোী হাসপাতালে ভর্তি হয়েছে। এসময়ে সুস্থ হয়ে ১০৩৭ জন হাসপাতাল ছেড়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে অনুযায়ী, চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে মোট হামের উপসর্গ দেখা দিয়েছে

নেতানিয়াহু বিচারবোধহীন
ইরান চুক্তি হবেই: ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক

লেবাননের রাজধানী বৈরুতে ইসরায়েলের হামলা এবং ইরানের পাশ্চাত্য প্রতিক্রিয়ার হুমকি সত্ত্বেও যুদ্ধ অবসানে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সজাব্য চুক্তি এখনো স্বাক্ষরের পথে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ সময় ৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা

আত্মত্যাগী প্রতিদিন

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ১৬ জুন ২০২৬ ৯ ০২ আষাঢ় ১৪৩৩

চুক্তিতে পৌছেছে ইরান-যুক্তরাষ্ট্র
সই শুক্রবারে

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্র ও ইরানের কর্মকর্তারা দাবি করেছেন, দুই দেশ যুদ্ধ অবসান, ইরানের ওপর মার্কিন অবরোধ প্রত্যাহার এবং হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার লক্ষ্যে একটি কাঠামোগত সমঝোতায় পৌছেছে। এই প্রাথমিক সমঝোতার ঘোষণার ৩ এর পাতায় দেখুন



পাঁচ বছরেও শেষ হয়নি সেতুর কাজ, দুর্ভোগে আট গ্রামের মানুষ

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীর সদর উপজেলার সোহালিয়া ইউনিয়নের কুড়িপাইকা গ্রামের সঙ্গে ডুরিয়া ইউনিয়নের যোগাযোগের একমাত্র সেতুর নির্মাণকাজ শুরু হয়েছিল ২০২১ সালে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) উদ্যোগে প্রায় সাড়ে

তিন কোটি টাকা ব্যয়ে ২৪ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার সেতুটি নির্মাণের কাজ শুরু হলেও দীর্ঘ পাঁচ বছরেও তা শেষ হয়নি। মূল কাঠামোর অধিকাংশ কাজ সম্পন্ন হলেও সংযোগ সড়ক নির্মাণ না হওয়ায় সেতুটি এখনো ব্যবহার উপযোগী হয়নি। ফলে

প্রায় ১০ হাজার মানুষ প্রতিদিন চরম দুর্ভোগের শিকার হচ্ছেন। স্থানীয়দের অভিযোগ, সেতুর দুই প্রান্তে সংযোগ সড়ক না থাকায় কাঠের অস্থায়ী মই ব্যবহার করে খুঁকি নিয়ে চলাচল করতে হচ্ছে। বিশেষ করে বয়স্ক ব্যক্তি, নারী, শিশু ও রোগীদের জন্য এই পথ অত্যন্ত ৩ এর পাতায় দেখুন



কলাপাড়ায় অটোচালক অপহরণ ও মুক্তিপণ দাবি, গ্রেফতার ৩

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় অটোড্রাইভ চালক মো. রাফিক খানকে (১৯) অপহরণ করে ৫ লাখ টাকা মুক্তিপণ দাবির ঘটনায় তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার রাত্রে ও গতকাল অভিযান চালিয়ে অপহৃত রাফিকের জীবিত উদ্ধার করা হয়। একই সঙ্গে তার ব্যবহৃত অটোড্রাইভ ও দুটি মোবাইল ফোনও উদ্ধার করা হয়েছে। মামলার এজহার সূত্রে জানা যায়, মহিপুর উপজেলার ধলাসার ইউনিয়নের তারকাটা এলাকার বাসিন্দা মো. হাসানের ছেলে রাফিক খান পেশায় একজন ব্যাটারিচালিত অটোড্রাইভ চালক। এজহার অনুযায়ী, গত ১৩ জুন অভিযুক্তরা রাফিকের অটোড্রাইভ ভাড়া নিয়ে কুয়াকাটার বিভিন্ন এলাকায় ঘুরাঘুরা করে। পরদিন আবার ভাড়া নেওয়ার কথা বলে তার মোবাইল নম্বর সজ্ঞাহ করে। অভিযোগে বলা হয়, ১৪ জুন সকালে অভিযুক্তরা রাফিককে কলাপাড়ায় উপজেলার ৩ এর পাতায় দেখুন

ভাভারিয়ার ইউএনও এবং পৌর প্রশাসকের দিনভর অভিযান

ভাভারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাভারিয়া উপজেলায় জনস্বার্থ রক্ষায় দিনভর অভিযান পরিচালনা করেছেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) এবং পৌর প্রশাসক মোঃ হাসিবুল হাসান। আজ সকাল থেকে শুরু করে উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পটে এই



অভিযান পরিচালনা করেন। প্রথমে ভাভারিয়া বাজারের বিনয় পালের মুদির দোকানে পরিচালনা করে। খান্দের রং মাখনা, মেয়াদোত্তীর্ণ পর্ন রাখা, অস্বাস্থ্যকর পরিবেশে মালামাল রাখা দায় ১০

হাজার টাকা জরিমানা অনাদায় ১৫ দিনের কারাদণ্ড দেয়। ভাভারিয়া বাজারের দুইটি বহুতলা ভবনের নির্মাণ কাজ পরিদর্শন করেন পৌর প্রশাসক। যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ও ভবন নির্মাণের বৈধ অনুমোদন (গ্র্যান্ট) ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএসবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com

ভরা মৌসুমেও বরিশালে ইলিশের সংকট, দাম আকাশছোঁয়া

কীর্তনখোলা রিপোর্ট
ভরা মৌসুমেও বরিশালে দেখা দিতেছে ইলিশের সংকট। আড়তগুলোতে সরবরাহের চরম ঘাটতির কারণে বাজারে ইলিশের দাম পৌছে গেছে মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত ক্রেতাদের নাগালের বাইরে। সংশ্লিষ্টরা বলছেন,

সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে অবাধে জটিকা শিকার এবং প্রাকৃতিক পরিবর্তনের কারণেই এই সংকট তৈরি হয়েছে। মৌসুমের এ সময়ে পোট রোড মৎস্য অবতরণ কেন্দ্র ইলিশে জমজমাট থাকার কথা। তবে

এখন সেখানে দেখা যাচ্ছে ভিন্ন চিত্র। চড়া দামের কারণে বাজারে এসেও অনেক মধ্যবিত্ত ক্রেতা পছন্দের ইলিশ না কিনেই খালি হাতে ফিরছেন। পোট রোড মৎস্য মোকাম ঘুরে দেখা গেছে, সরবরাহ সংকটের কারণে পাইকারি বাজারে ইলিশের দাম ৩ এর পাতায় দেখুন

ববি ছাত্রদল নেতার বিরুদ্ধে সরকারি জায়গা দখল করে দোকান বসানোর অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল-কুয়াকাটা মহাসড়কে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) মাইশা চতুর (ভেলার মোড়) সংলগ্ন রাস্তার পাশের সরকারি জায়গা দখল করে অবৈধ স্থাপনা নির্মাণের অভিযোগ উঠেছে এক ছাত্রদল নেতার বিরুদ্ধে। অভিযুক্ত নেতার নাম মিনহাস সাগর। তিনি



এবং ২০১৮-১৯ শিক্ষাবর্ষের বাংলা বিভাগের শিক্ষার্থী। সরেজমিনে ওই এলাকায় গিয়ে দেখা যায়, মহাসড়কের পাশে সরকারি জায়গার একাংশে একটি বাস কাউন্টার এবং অন্য অংশে ছাউনি দিয়ে অবৈধ স্থাপনা তৈরি করা হয়েছে। স্থানীয় সূত্র ও প্রত্যক্ষদর্শীরা জানান, ওই স্থান দখল করে স্থাপনা ৩ এর পাতায় দেখুন

বালকাঠিতে চোখ রাঙাচ্ছে ডেঙ্গু ঝুঁকিতে শহরের ৭ এলাকা

বালকাঠি প্রতিনিধি
গ্রীষ্মের শুরুতেই বালকাঠিতে উত্তেজনা হারে বাড়ছে ডেঙ্গুর প্রকোপ। প্রতিদিন জেলা সদর হাসপাতালে ভিড় করছেন নতুন নতুন আক্রান্ত রোগী। পরিস্থিতি বিবেচনায় জেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ শহরের বিশেষ ৭টি এলাকাকে 'ডেঙ্গু ঝুঁকিপূর্ণ' বা রেড জোন হিসেবে চিহ্নিত করেছে। পরিসংখ্যান অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত জেলা জুড়ে দুই শতাধিক মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। সাধারণত জুন ও জুলাই মাসের বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রকোপ বাড়ে। তবে স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, এবার মৌসুমের শুরুতেই ডেঙ্গু হানা দিয়েছে। সদর হাসপাতালে চিকিৎসাসীলন রোগীদের একটি বড় অংশই শহরের ৭টি নির্দিষ্ট এলাকার বাসিন্দা।



বাবুগঞ্জে পানিতে ডুবে যুবকের মৃত্যু, পরিবারের পাশে জামায়াত

কীর্তনখোলা রিপোর্ট

কেদারপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের বাসিন্দা জাকির বেপারীর বড় ছেলে মোঃ নোমান হোসেন গত শুক্রবার দুপুরে সুগভীর নদীতে গোসল করতে নেমে পানিতে তলিয়ে যান। দীর্ঘ অসুস্থতায় পর শনিবার বিকেল ৩টায় ছানি কেদারপুর খেয়াঘাট এলাকায় থেকে তার লাশ উদ্ধার করা হয়। মর্মান্তিক মৃত্যুর সংবাদ পেয়ে শোকাহত পরিবারের খোঁজ খবর নিতে যান বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর। তিনি শোকসন্তপ্ত পরিবারের খোঁজখবর নেন এবং গভীর সমবেদনা জ্ঞাপন করেন। পরিবারের সাথে সান্নাতের পরে, মরহুমের করর জিয়ারত করে তাঁর রুহের মাগফিরাত কামনা মহান আল্লাহ তা'আলার দরবারে দোয়া ৩ এর পাতায় দেখুন



কচা নদীতে ডুবন্ত জাহাজ থেকে যুবকের মরদেহ উদ্ধার

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের জিয়ানপুর উপজেলায় কচা নদীতে ডুবন্ত জাহাজের ভেতর থেকে মো. আব্দুল্লাহ পশারী (২২) নামে এক যুবকের অর্ধগতিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ ও ফায়ার সার্ভিস। রোববার (১৪ জুন) রাত ৮টার দিকে উপজেলার পাড়েরহাট মৎস্য বন্দরসংলগ্ন কচা নদীতে ডুবে থাকা এমভি গ্রীন এসট্রল-১ নামের একটি জাহাজের ভেতর থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহত আব্দুল্লাহ পাড়েরহাট ইউনিয়নের উমেদপুর গ্রামের আলাল পশারীর ছেলে। পরিবারের সদস্যরা জানান, তিনি দিন ধরে আব্দুল্লাহ নিখোঁজ ছিলেন। বিভিন্ন স্থানে খোঁজাখুঁজির একপর্যায়ে পাড়েরহাট মৎস্য বন্দর এলাকায় ডুবন্ত জাহাজটির পাশে একটি ভিডি নৌকায় তার ব্যবহৃত জুতা ৩ এর পাতায় দেখুন



ঢাকা-বরিশাল মহাসড়কে দুর্ঘটনায় চালক নিহত, আহত ৪

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল মহাসড়কে একটি মিনি ট্রাক ও একটি পণ্যবাহী ট্রাকের মুখোমুখি সংঘর্ষে এক চালক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও চারজন গুরুতর আহত হয়েছেন। সোমবার (১৫ জুন) ভোর সাড়ে ৫টার দিকে মাদারীপুরের ডাসার উপজেলার বালীগ্রাম ইউনিয়নের কর্ণপাড়া এলাকায় একটি ফিলিং স্টেশনের পাশে এ দুর্ঘটনা ঘটে। নিহত আবু নাস্টম খান (৫৫) মাদারীপুর সদর উপজেলার কুলপাশী এলাকার মৃত আব্দুর সাত্তার খানের ছেলে। তিনি দুর্ঘটনাকবলিত মিনি ট্রাকটির চালক ছিলেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ঢাকা-বরিশাল মহাসড়কে একটি মিনি ট্রাকের ৩ এর পাতায় দেখুন

প্রেমিকের বাড়িতে প্রেমিকার অনশন, আত্মহত্যার হুমকি

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলা বোরহানউদ্দিন উপজেলার সাড়া ইউনিয়নে বিয়ের দাবিতে প্রেমিকের বাড়িতে টানা চার দিন ধরে অনশন করছেন এক তরুণী। প্রেমিকের পরিবারের পক্ষ থেকে কোনো সাড়া না পেয়ে রোববার বিয়ের বোতল সঙ্গে নিয়ে অনশন চালিয়ে যাওয়ার পাশাপাশি আত্মহত্যার হুমকিও দিয়েছেন তিনি। প্রেমিক হুমায়ুন একই ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের নুরনবী বাড়ির মো. নুরনবীর ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, হুমায়ুনের সেকান্দে তারদিত কেনাকাটার সূত্রে তরুণীর সঙ্গে তার পরিচয় হয়। একপর্যায়ে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। পরে তারা বিভিন্ন স্থানে ৩ এর পাতায় দেখুন



১০ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে ৬০ বছরের দুলাল গ্রেফতার

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী সদর উপজেলার ছোটবিঘাই ইউনিয়নে ১০ বছরের এক অসুস্থ শিশুকে ধর্ষণের এক জঘন্য ও ন্যাকারজনক ঘটনা ঘটেছে। ৬০ বছর বয়সী এক বৃদ্ধ ট্রলার চালক কর্তৃক এই পার্শ্বিক নির্যাতনের ঘটনায় পুরো ইউনিয়ন জুড়ে তীব্র ক্ষোভ ও নিন্দার ঝড় উঠেছে। তবে ঘটনার পর পরই পুলিশ তৎপরতায় অভিযুক্ত ধর্ষক মো. দুলাল গাজীকে গ্রেফতার করা হয়েছে। সোমবার (১৫ জুন, ২০২৬) সকাল আনুমানিক ১০:৫০ মিনিটের দিকে ছোটবিঘাই ইউনিয়নের ৯নং ওয়ার্ডের মাটিভাংগা গ্রামে এই কলঙ্কজনক ঘটনাটি ঘটে। ?স্থানীয় সূত্রে জানা গেছে, মাটিভাংগা গ্রামের বাসিন্দা ৩ এর পাতায় দেখুন



অবৈধ দখলমুক্ত ও পরিবেশবান্ধব বরিশাল গড়ার দাবিতে নগরীতে মানববন্ধন করে প্রাতঃভ্রমণ ও শরীরচর্চা কল্যাণ পরিষদ

-কীর্তনখোলা

মেহেন্দিগঞ্জে
গাঁজাসহ মাদক
বিক্রেতা আটক

মুরে রাফি নাসিম, মেহেন্দিগঞ্জ

মেহেন্দিগঞ্জ থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ এক কুখ্যাত মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে। পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে গত ১৫ জুন রবিবার রাত ২টা ৪০ মিনিটের দিকে পৌরসভার ৫ নং ওয়ার্ড কালিকাপুর এলাকায় অভিযান চালানো হয়। এসময় মাদক বিক্রেতার উদ্দেশ্যে অবস্থানকালে আসামি আহমদ আলীকে তার নিজ বাড়ির পাশ থেকে আটক করা হয়। তদ্বাশি করে তার কাছ থেকে ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। গ্রেফতারকৃত আহমদ ৩ এর পাতায় দেখুন

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১২১৩৫৪৬